পারা ৩

٢٥٣ تِلْكَ الرُّسُلُ فَضَّلْنَا بَعْضَهُمْ عَلَىٰ بَعْضٍ ۘ مِّنْهُم مَّن كَلَّمَ اللَّهُ وَرَفَعَ

২৫৩। তিল্‌কার্ রুসুলু ফাদ্দোয়াল্‌না-বা'দ্বোয়াহুম্ 'আলা-বা'দ্ব্ । মিন্‌হুম্ মান্ কাল্লামাল্লা-হু অরাফা'আ

(২৫৩) এ রাসূলদের কাউকে কারোও ওপর শ্রেষ্ঠত্ব দিয়েছি। কারো সাথে আল্লাহ কথা বলেছেন, কাকেও উচ্চ

بَعْضَهُمْ دَرَجَٰتٍ ۚ وَءَاتَيْنَا عِيسَى ابْنَ مَرْيَمَ الْبَيِّنَٰتِ وَأَيَّدْنَٰهُ بِرُوحِ

বা'দ্বোয়া-হুম্ দারাজ্বা-ত্; অ আ-তাইনা-'ঈসাব্‌না মার্‌ইয়ামাল্ বাইয়্যিনা-তি অআইইয়াদ্‌না-হু বিরূহিল্

মর্যাদা দিয়েছেন। আর ঈসা ইবনে মরিয়মকে প্রকাশ্য প্রমাণ দান করেছি এবং পবিত্র আত্মা দ্বারা সাহায্য

ওয়াক্বফে লাযেম

الْقُدُسِ ۗ وَلَوْ شَاءَ اللَّهُ مَا اقْتَتَلَ الَّذِينَ مِن بَعْدِهِم مِّن بَعْدِ مَا جَاءَتْهُمُ

ক্বুদুস্; অলাও শা — আল্লা-হু মাক্ব্‌তাতালাল্ লাযীনা মিম্ বা'দিহিম্ মিম্ বা'দি মা- জ্বা — আত্‌হুমুল্

করেছি আর আল্লাহ যদি চাইতেন, তবে পরে যারা এসেছে তাদের নিকট স্পষ্ট প্রমাণাদি আসার পরও তারা

الْبَيِّنَٰتُ وَلَٰكِنِ اخْتَلَفُوا فَمِنْهُم مَّنْ ءَامَنَ وَمِنْهُم مَّن كَفَرَ ۚ

বাইয়্যিনা-তু অলা-কিনিখ্ তালাফূ ফামিন্‌হুম্ মান্ আ-মানা অমিন্‌হুম্ মান্ কাফার্;

যুদ্ধ-বিগ্রহ করত না। কিন্তু তারা মতভেদ করল, ফলে কেউ ঈমান আনল, কেউ কাফের হয়ে গেল,

৩৩

وَلَوْ شَاءَ اللَّهُ مَا اقْتَتَلُوا وَلَٰكِنَّ اللَّهَ يَفْعَلُ مَا يُرِيدُ ع

ع ৫ ১ রুকু

অলাও শা — আল্লা-হু মাক্ব্‌তাতালূ অলা-কিন্নাল্লা-হা ইয়াফ্'আলু মা-ইয়ুরীদ্।

আল্লাহ চাইলে তারা যুদ্ধ করত না; কিন্তু আল্লাহ তাঁর ইচ্ছামতই করে থাকেন।

٢٥٤ يَٰٓأَيُّهَا الَّذِينَ ءَامَنُوٓا أَنفِقُوا مِمَّا رَزَقْنَٰكُم مِّن قَبْلِ أَن يَأْتِىَ

২৫৪। ইয়া ~ আইয়্যুহাল্লাযীনা আ-মানূ ~ আন্‌ফিক্ব্‌ মিম্মা-রাযাক্ব্‌না-কুম্ মিন্ ক্বাব্‌লি আইঁ ইয়া'তিয়া

(২৫৪) হে মু'মিনরা! ব্যয় কর, আমি যা দিয়েছি তা হতে, সেদিন আসার পূর্বে যেদিন কোন

يَوْمٌ لَّا بَيْعٌ فِيهِ وَلَا خُلَّةٌ وَلَا شَفَٰعَةٌ ۗ وَالْكَٰفِرُونَ هُمُ الظَّٰلِمُونَ

ইয়াওমুল্লা-বাই'উন্ ফীহি অলা-খুল্লাতুওঁ অলা-শাফা-'আহ্; অল্‌কা-ফিরূনা হুমুজ জোয়া-লিমূন্।

বেচা-কেনা চলবে না, চলবে না কোন বন্ধুত্ব আর সুপারিশ। মূলতঃ অবিশ্বাসীরাই জালিম।

٢٥٥ اللَّهُ لَآ إِلَٰهَ إِلَّا هُوَ الْحَىُّ الْقَيُّومُ ۚ لَا تَأْخُذُهُۥ سِنَةٌ وَلَا نَوْمٌ ۚ لَّهُۥ مَا فِى

২৫৫। আল্লা-হু লা ~ইলা-হা ইল্লা-হুয়াল্ হাইয়্যুল কাইয়্যু-ম্; লা-তা'খুযুহূসিনাতুওঁ অলা-নাওম্; লাহূ মা-ফিস্

(২৫৫) আল্লাহ ছাড়া ইলাহ নেই। তিনি চিরঞ্জীব, চিরস্থায়ী; তাঁকে না তন্দ্রা স্পর্শ করে, আর না নিদ্রা। আকাশ ও

টীকা ঃ আয়াত ঃ ২৫৪ ঃ এ আয়াতটিই আয়াতুল কুর্‌সী। হাদীসে এ আয়াতের অনেক ফায়দা বর্ণিত হয়েছে। রাসূলে করীম (ছঃ) একে সবচেয়ে উত্তম আয়াত বলে উল্লেখ করেছেন। রাসূলুল্লাহ (ছঃ) উবাই ইব্‌নে কা'ব (রাঃ)-কে জিজ্ঞেস করেছিলেন, কোরআনের মধ্যে কোন্ আয়াতটি সবচেয়ে বড় ও গুরুত্বপূর্ণ? উবাই ইব্‌নে কা'ব (রাঃ) আরজ করলেন, তা হল্ আয়াতুল কুরসী। রাসূলুল্লা (ছঃ) তা সমর্থন করে বলেন, হে আবুল মানযার! তোমাকে তোমার উত্তম জ্ঞানের জন্য ধন্যবাদ। নবী করীম (ছঃ) আরও বলেন, 'যে ব্যক্তি প্রত্যেক ফরয নামাযের পর আয়াতুল কুর্‌সী নিয়মিত পাঠ করে তার জান্নাতে প্রবেশের পথে একমাত্র মৃত্যু ছাড়া আর কোন বাধা থাকে না।' অর্থাৎ মৃত্যুর পরপরই সে জান্নাতের ফলাফল এবং আরাম-আয়েশ ভোগ করতে আরম্ভ করবে। (মাঃ কোঃ)

السَّمٰوٰتِ وَمَا فِي الْأَرْضِ ۗ مَنْ ذَا الَّذِي يَشْفَعُ عِنْدَهُ إِلَّا بِإِذْنِهِ ۚ يَعْلَمُ

সামা-ওয়া-তি অমা-ফিল্ আর্দ্ব; মান্ যাল্লাযী ইয়াশ্ফা'উ 'ইন্দাহূ ~ ইল্লা-বিইয্নিহ্; ইয়া'লামু

পৃথিবীতে যা কিছু আছে সব কিছু তাঁরই। এমন কে আছে, যে তাঁর কাছে সুপারিশ করবে? তাঁর অনুমতি ছাড়া, তিনি

مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ ۖ وَلَا يُحِيطُونَ بِشَيْءٍ مِنْ عِلْمِهِ إِلَّا بِمَا شَاءَ ۚ

মা-বাইনা আইদী হিম্ অমা-খাল্ফাহুম্ অলা-ইয়ুহীত্বূনা বিশাইয়িম্ মিন্ 'ইলমিহী ~ইল্লা-বিমা-শা — আ,

তাদের অগ্র-পশ্চাতের সবকিছু জানেন। তাঁর ইচ্ছা ছাড়া তাঁর জ্ঞানের কিছুই কেউ আয়ত্ত করতে পারে না।

وَسِعَ كُرْسِيُّهُ السَّمٰوٰتِ وَالْأَرْضَ ۖ وَلَا يَئُودُهُ حِفْظُهُمَا ۚ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيمُ ۞

অসি'আ কুর্সিয়্যু হুস্ সামা-ওয়া-তি অল্আর্দ্বোয়া, অলা-ইয়ায়ূদুহূ হিফ্জুহুমা-, অহুআল্ 'আলিয়্যুল্ 'আজীম্।

তাঁর আসন আসমান ও যমীন পরিবেষ্টিত। এদের হেফাজতে তাঁর কোন কষ্ট হয় না। তিনি সমুন্নত, মহামহিম।

لَا إِكْرَاهَ فِي الدِّينِ ۙ قَدْ تَبَيَّنَ الرُّشْدُ مِنَ الْغَيِّ ۚ فَمَنْ يَكْفُرْ ﴿٢٥٦﴾

২৫৬। লা ~ইকরা-হা ফিদ্দীনি ক্বাত্ তাবাইয়্যানার রুশ্দু মিনাল্ গাইয়্যি, ফামাইঁ ইয়াক্ফুর্

(২৫৬) দ্বীনে কোন জবরদস্তি নেই। অবশ্যই-সত্যপথ ভ্রান্তপথ হতে সুস্পষ্ট হয়েছে। যে ব্যক্তি

بِالطَّاغُوتِ وَيُؤْمِنْ بِاللَّهِ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقَىٰ لَا انْفِصَامَ لَهَا ۗ

বিত্ত্বোয়াগূতি অইয়ু''মিম্ বিল্লা-হি ফাক্বাদিস্ তাম্সাকা বিল্ 'উর্ওয়াতিল্ উছ্ক্বা–লান্ফিছোয়া-মা লাহা-;

তাগুতকে বিশ্বাস না করে আল্লাহর প্রতি ঈমান আনে, সে ব্যক্তি এমন এক শক্ত রশি ধারণ করে; যা ছিন্ন হয় না,

وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ ﴿٢٥٧﴾ اللَّهُ وَلِيُّ الَّذِينَ آمَنُوا يُخْرِجُهُمْ مِنَ الظُّلُمَاتِ إِلَى

অল্লা-হু সামী'উন্ 'আলীম্। ২৫৭। আল্লা-হু অলিয়্যুল্লাযীনা আ-মানূ ইয়ুখ্রিজুহুম্ মিনাজ্ জুলুমা-তি ইলান্

আল্লাহ সর্বশ্রোতা, মহাজ্ঞানী। (২৫৭) আল্লাহ মু'মিনদের অভিভাবক, তিনি তাদেরকে বের করে আনেন অন্ধকার হতে

النُّورِ ۖ وَالَّذِينَ كَفَرُوا أَوْلِيَاؤُهُمُ الطَّاغُوتُ يُخْرِجُونَهُمْ مِنَ النُّورِ إِلَى

নূর; অল্লাযীনা কাফারূ ~ আওলিয়া — উহুমুত্ব ত্বোয়া-গূতু ইয়ুখ্রিজূনাহুম্ মিনান্ নূরি ইলাজ্

আলোর দিকে। আর তাগুত হল কাফেরদের অভিভাবক। এরা তাদেরকে বের করে অন্ধকারের দিকে

৩৪ ع ৪ ২ রুকু

الظُّلُمَاتِ ۗ أُولَٰئِكَ أَصْحَابُ النَّارِ ۖ هُمْ فِيهَا خَالِدُونَ ﴿٢٥٨﴾ أَلَمْ تَرَ إِلَى الَّذِي

জুলুমা-ত্; উলা — য়িকা আছ্হা-বুন্ না-রি, হুম্ ফীহা-খা-লিদূন্। ২৫৮। আলাম্ তারা ইলাল্লাযী

নিয়ে যায়। তারাই জাহান্নামী, তারা সেখানে চিরকাল থাকবে। (২৫৮) ঐ ব্যক্তিকে কি দেখেন নি, যে

শানেনুযূল ঃ আয়াত-২৫৬ঃ জাহেলিয়াতের যুগে বন্ধ্যা নারীরা এরূপ মানত করত, "যদি আমার কোন পুত্র সন্তান জন্মে, তবে তাকে ইহুদী বানিয়ে দেব।" বনি নজীবের ইহুদীদেরকে যখন দেশ ত্যাগে বাধ্য করা হয়, তখন আনছার মুসলমানদের কতিপয় ছেলে-যারা উক্ত মানত প্রথা অনুসারে ইহুদী হয়ে তথায় বিদ্যমান ছিল, তাদের মাতা-পিতা জোরপূর্বক তাদেরকে মুসলমান বানিয়ে রেখে দেবার জন্য প্রতিজ্ঞা করল। তখন এ আয়াত অবতীর্ণ হয়। অন্য বর্ণনা মতে, হযরত হোসাইন আনসারীর দুপুত্র ছিল খ্রিস্টান; কিন্তু তিনি ছিলেন মুসলমান। পুত্রদ্বয়কে জোরপূর্বক মুসলমান বানিয়ে নিয়ে যেতে পারে কি না, এ মর্মে তিনি হুযূর (ছঃ)-এর নিকট জানতে চাইলে এ আয়াতটি অবতীর্ণ হয়।

ওয়াক্ফে লাযেম

حَآجَّ إِبْرٰهٖمَ فِىْ رَبِّهٖٓ أَنْ اٰتٰىهُ اللّٰهُ الْمُلْكَ ۘ إِذْ قَالَ إِبْرٰهٖمُ رَبِّىَ الَّذِىْ

হা —জ্জা ইব্রা-হীমা ফী রাব্বিহী ~ আন্ আ-তা-হুল্লা-হুল্ মুল্ক্; ইয্ ক্বা-লা ইব্রা-হীমু রব্বিয়াল্লাযী

ইব্রাহীমের সাথে রবের ব্যাপারে তর্ক করেছিল? এ কারণে যে, আল্লাহ তাঁকে রাজত্ব দিলেন, যখন ইব্রাহীম বলল, আমার রব তিনি

يُحْىٖ وَيُمِيْتُ ۙ قَالَ أَنَا۠ أُحْىٖ وَأُمِيْتُ ۖ قَالَ إِبْرٰهٖمُ فَإِنَّ اللّٰهَ يَأْتِىْ

ইয়ুহ্য়ী অইয়ুমীতু ক্বা-লা আনা উহ্য়ী অউমীত্; ক্বা-লা ইব্রা-হীমু ফাইন্নাল্লা-হা ইয়া’’তী

যিনি জীবন ও মৃত্যু দেন। সে বলল, আমিও জীবন-মৃত্যু দেই। ইব্রাহীম বলল, আল্লাহ তো সূর্যকে

بِالشَّمْسِ مِنَ الْمَشْرِقِ فَأْتِ بِهَا مِنَ الْمَغْرِبِ فَبُهِتَ الَّذِىْ كَفَرَ ۖ وَاللّٰهُ

বিশ্শাম্সি মিনাল্ মাশ্রিক্বি ফা”তি বিহা-মিনাল্ মাগরিবি ফাবুহিতাল্লাযী কাফার্; অল্লা-হু

পূর্বদিকে উদিত করেন, তুমি পারলে পশ্চিম দিক থেকে উদিত করে দেখাও। কাফের হতভম্ব হয়ে গেল[১]। আল্লাহ

لَا يَهْدِى الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿٢٥٩﴾ أَوْ كَالَّذِىْ مَرَّ عَلٰى قَرْيَةٍ وَّهِىَ خَاوِيَةٌ عَلٰى

লা-ইয়াহ্দিল্ ক্বাওমাজ্ জোয়া-লিমীন্। ২৫৯। আওকাল্লাযী মার্রা ‘আলা-ক্বার্ইয়াতিওঁ অহিয়া খা-ওয়িইয়াতুন্ ‘আলা-

যালিমদেরকে সুপথ দেখান না। (২৫৯) অথবা তুমি কি দেখনি যে সে ব্যক্তি এক গ্রাম দিয়ে যাচ্ছিল, যার ঘরগুলো

عُرُوْشِهَا ۚ قَالَ أَنّٰى يُحْىٖ هٰذِهِ اللّٰهُ بَعْدَ مَوْتِهَا ۚ فَأَمَاتَهُ اللّٰهُ مِائَةَ عَامٍ

‘উরূশিহা-,ক্বা-লা আন্না-ইয়ুহ্য়ী হা-যিহিল্লা-হু বা’দা মাওতিহা-, ফাআমা-তাহুল্লা-হু মিআতা ‘আ-মিন্

ছাদসমূহের ওপর পড়েছিল; বলল, আল্লাহ কিভাবে একে মৃত্যুর পর জীবিত করবেন? আল্লাহ তাকে একশ’ বছর মৃত রাখলেন,

ثُمَّ بَعَثَهٗ ۖ قَالَ كَمْ لَبِثْتَ ۖ قَالَ لَبِثْتُ يَوْمًا أَوْ بَعْضَ يَوْمٍ ۖ قَالَ بَلْ لَّبِثْتَ

ছুম্মা বা’আছাহূ; ক্বা-লা কাম্ লাবিছ্ত্; ক্বা-লা লাবিছ্তু ইয়াওমান্ আও বা’দ্বোয়া ইয়াওম্; ক্বা-লা বাল্ লাবিছ্তা

তারপর জীবিত করলেন; বললেন, “কতদিন ছিলে?” সে বলল, “একদিন বা এক দিনের কিছু অংশ।” বললেন, বরং

مِائَةَ عَامٍ فَانْظُرْ إِلٰى طَعَامِكَ وَشَرَابِكَ لَمْ يَتَسَنَّهْ ۚ وَانْظُرْ إِلٰى حِمَارِكَ وَ

মিআতা ‘আ-মিন্ ফান্জুর্ ইলা-ত্বোয়া’আ-মিকা অশারা-বিকা লাম্ ইয়াতাসান্নাহ্; ওয়ান্জুর্ ইলা-হিমা-রিকা অ

একশ’ বছর ছিলে। তুমি তোমার খাদ্য ও পানীয় বস্তুর প্রতি তাকাও তা অবিকৃতই আছে। তোমার গাধা দেখ, তোমাকে

لِنَجْعَلَكَ اٰيَةً لِّلنَّاسِ وَانْظُرْ إِلَى الْعِظَامِ كَيْفَ نُنْشِزُهَا ثُمَّ نَكْسُوْهَا لَحْمًا ۚ

লিনাজ্‌’আলাকা আ-ইয়াতাল লিন্না-সি ওয়ান্জুর্ ইলাল্ ‘ইজোয়া-মি কাইফা নুন্শিযুহা-ছুম্মা নাক্সূহা-লাহ্মা;

মানব জাতির জন্য নিদর্শন স্বরূপ করব আর হাড়গুলোর দিকে দেখ, কিভাবে সেগুলোকে জোড়া লাগাই এবং গোস্ত দিয়ে আবৃত করি;

আয়াত-২৫৮ ঃ টীকা-১। এখানে হযরত ইব্রাহীম (আঃ) ও নমরূদের পারস্পরিক বিতর্কের যে ঘটনা ঘটেছিল এখানে তার উল্লেখ করা হয়েছে। নমরূদকে ইব্রাহীম (আঃ) বললেন, আমার রব জীবন ও মৃত্যুর মালিক। উত্তরে নমরূদ দুজন হাজতীকে বুদ্ধি এনে একজনকে হত্যা এবং অপরজনকে মুক্তি দিয়ে বলল, দেখ আমিও তা পারি। ইব্রাহীম (আঃ) নমরূদের স্থুল দেখে তার উপযোগী একটি প্রমাণ পেশ করলেন। বললেন, আমার রব পূর্ব দিকে সূর্য উদিত করেন, তুমি পশ্চিম দিকে উদিত করে দেখাও। নমরূদ হতবুদ্ধি হয়ে গেল। অবশ্য সে পাল্টা জিজ্ঞাসা করতে পারত যে, তোমার রবকেই বরং পশ্চিম দিক হতে সূর্যকে উদিত করে দেখাতে বল। কিন্তু সে তা এজন্য বলেনি যে, জবাবে যদি ইব্রাহীম (আঃ) তাই দেখাতেন, তবে নমরূদের সমস্ত গোমর ফাঁস হয়ে যেত। (বঃ কোঃ)

فَلَمَّا تَبَيَّنَ لَهٗ ۙ قَالَ اَعْلَمُ اَنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ﴿٢٦٠﴾ وَاِذْ قَالَ

ফালাম্মা-তাবাইয়্যানা লাহূ ক্বা-লা আ'লামু 'আন্নাল্লা-হা 'আলা-কুল্লি শাইয়িন্ ক্বাদীর্। ২৬০। অইয্ ক্বা-লা

যখন তার সামনে স্পষ্ট হল, তখন সে বলল, বুঝলাম নিশ্চয় আল্লাহ্ সর্বশক্তিমান। (২৬০) যখন ইব্রাহীম বললেন,

اِبْرٰهٖمُ رَبِّ اَرِنِىْ كَيْفَ تُحْىِ الْمَوْتٰى ۭ قَالَ اَوَلَمْ تُؤْمِنْ ۭ قَالَ بَلٰى

ইব্রা-হীমু রব্বি আরিনী কাইফা তুহ্য়িল মাওতা; ক্বা-লা আওয়ালাম্ তু''মিন্; ক্বা-লা বালা-

হে রব! কিভাবে মৃতকে জীবিত করেন, একটু দেখান। বললেন, তুমি কি বিশ্বাস কর না? (ইব্রাহীম) বললেন, অবশ্যই,

وَلٰكِنْ لِّيَطْمَئِنَّ قَلْبِىْ ۭ قَالَ فَخُذْ اَرْبَعَةً مِّنَ الطَّيْرِ فَصُرْهُنَّ اِلَيْكَ ثُمَّ

অলা-কিল্ লিইয়াত্ব্মায়িন্না ক্বল্বী; ক্বা-লা ফাখুয্ আরবা'আতাম্ মিনাত্ব ত্বোয়াইরি ফাছুরহুন্না ইলাইকা ছুম্মাজ্

তবে মনের প্রশান্তির জন্য। বললেন, চারটি পাখি ধরে আন এবং সেগুলোকে পোষ মানাও। অতঃপর সেগুলোর দেহের

اجْعَلْ عَلٰى كُلِّ جَبَلٍ مِّنْهُنَّ جُزْءًا ثُمَّ ادْعُهُنَّ يَاْتِيْنَكَ سَعْيًا ۭ وَاعْلَمْ اَنَّ اللّٰهَ

'আল্ 'আলা-কুল্লি জ্বাবালিম্ মিন্হুন্না জুয্য়ান্ ছুম্মাদ্'উহুন্না ইয়া'তীনাকা সা'ইয়া-; অ'লাম্ আন্নাল্লা-হা'

এক একটি অংশ এক এক পাহাড়ে রাখ, অতঃপর ডাক তোমার কাছে দৌড়ে আসবে। নিশ্চয়ই আল্লাহ

৩৫ ع ৩ রুকু

عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٢٦١﴾ مَثَلُ الَّذِيْنَ يُنْفِقُوْنَ اَمْوَالَهُمْ فِىْ سَبِيْلِ اللّٰهِ كَمَثَلِ حَبَّةٍ

আযীযুন্ হাকীম্। ২৬১। মাছালুল্লাযীনা ইয়ুন্ফিক্বূনা আম্ওয়া-লাহুম্ ফী সাবীলিল্লা-হি কামাছালি হাব্বাতিন্

পরাক্রমশালী, মহাজ্ঞানী। (২৬১) যারা আল্লাহর পথে স্বীয় ধন ব্যয় করে, তাদের উপমা এমন একটি বীজ, যা সাতটি শীষ উৎপন্ন করে

اَنْۢبَتَتْ سَبْعَ سَنَابِلَ فِىْ كُلِّ سُنْۢبُلَةٍ مِّائَةُ حَبَّةٍ ۭ وَاللّٰهُ يُضٰعِفُ لِمَنْ يَّشَاۗءُ ۭ

আম্বাতাত্ সাব্'আ সানা-বিলা ফী কুল্লি সুম্বুলাতিম্ মিয়াতু হাব্বাহ্; অল্লা-হু ইয়ুদ্বোয়া-'ইফু লিমাইঁ ইয়াশা — উ

এবং প্রত্যেক শীষে একশ' শস্য বীজ হয়, আল্লাহ্ যাকে ইচ্ছা বহু গুণে বাড়িয়ে দেন; আল্লাহ প্রাচুর্যময়,

وَاللّٰهُ وَاسِعٌ عَلِيْمٌ ﴿٢٦٢﴾ اَلَّذِيْنَ يُنْفِقُوْنَ اَمْوَالَهُمْ فِىْ سَبِيْلِ اللّٰهِ ثُمَّ لَا يُتْبِعُوْنَ

অল্লা-হু ওয়া-সি'উন 'আলীম্। ২৬২। আল্লাযীনা ইয়ুন্ফিক্বূনা আম্ওয়া-লাহুম্ ফী সাবীলিল্লা-হি ছুম্মা লা-ইয়ুত্বি'উনা

মহাজ্ঞানী। (২৬২) যারা আল্লাহ্র পথে নিজেদের সম্পদ ব্যয় করে, তারপর ঐ ব্যয়ের কথা বলে বেড়ায় না

مَآ اَنْفَقُوْا مَنًّا وَّلَآ اَذًى ۙ لَّهُمْ اَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ۚ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ

মা~ আন্ফাক্বূ মান্নাওঁ অলা~ আযাল্লাহুম্ আজ্বরুহুম 'ইন্দা রব্বিহিম্, অলা-খাওফুন্ 'আলাইহিম্ অলা-হুম্

ও কষ্ট দেয় না, তাদের জন্য রয়েছে রবের নিকট হতে পুরস্কার; তাদের কোন ভয় নেই, আর নেই

আয়াত ঃ ২৬১ ঃ যারা আল্লাহর পথে খরচ করে তাদের উপমা এমন যেমন কেউ গমের একটি দানা উর্বর ভূমিতে বপন করল। ঐ দান হতে একটি চারাগাছ গজাল, যাতে গমের সাতটি শীষ এবং প্রত্যেকটি শীষে একশ করে দানা থাকে। অর্থাৎ একটি দানা হতে সাতশ দানা জন্মিল। তবে স্মরণ রাখা কর্তব্য যে, উক্ত ব্যয় হতে কাঙ্খিত ফল লাভ করতে হলে নিম্নের শর্তসমূহ পূর্ণ করতে হবে। (১) সম্পদ হালাল হতে হবে। (২) যে দান করবে তার উদ্দেশ্য সৎ হতে হবে। (৩) খরচের খাত যোগ্য হতে হবে। (৪) দান করার পর অনুগ্রহ করেছে এমন ধারণা পোষণ করতে পারবে না এবং (৫) গ্রহীতাকে ঘৃণা করা যাবে না। উল্লিখিত শর্তাবলী পুরণে ব্যর্থ হলে দানের সুফল আশা করা যায় না। (মাঃ কোঃ)

يَحْزَنُونَ ﴿٢٦٣﴾ قَوْلٌ مَّعْرُوفٌ وَمَغْفِرَةٌ خَيْرٌ مِّن صَدَقَةٍ يَتْبَعُهَآ أَذًى ۗ وَٱللَّهُ

ইয়াহ্যানূন্। ২৬৩। ক্বাওলুম্ মা'রূফুওঁ অ মাগ্ফিরাতুন্ খাইরুম্ মিন্ ছদাক্বাতিইঁ ইয়াত্বা'উহা ~ আযান্ অল্লা-হু

কোন চিন্তা। (২৬৩) ভাল কথা বলে দেয়া, ক্ষমা চাওয়া, যে দানের পর কষ্ট দেয়া হয় তদপেক্ষা উত্তম; আল্লাহ

غَنِىٌّ حَلِيمٌ ﴿٢٦٤﴾ يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ لَا تُبْطِلُوا۟ صَدَقَٰتِكُم بِٱلْمَنِّ وَٱلْأَذَىٰ

গানিয়্যুন্ হালীম্। ২৬৪। ইয়া ~ আইয়্যুহাল্লাযীনা আ-মানূ লা-তুব্ত্বিলূ ছদাক্বা-তিকুম্ বিল্মান্নি অল্আযা-

সম্পদশালী, সহনশীল। (২৬৪) হে মুমিনরা! তোমরা দানের কথা প্রচার করে ও কষ্ট দিয়ে দানকে ধ্বংস করো না-

كَٱلَّذِى يُنفِقُ مَالَهُۥ رِئَآءَ ٱلنَّاسِ وَلَا يُؤْمِنُ بِٱللَّهِ وَٱلْيَوْمِ ٱلْءَاخِرِ ۖ فَمَثَلُهُۥ

কাল্লাযী ইয়ুন্ফিক্বু মা-লাহূ রিয়া — আন না-সি অলা-ইয়ু"মিনু বিল্লা-হি অল্ইয়াওমিল্ আ-খির; ফামাছালুহূ

ঐ ব্যক্তির ন্যায়, যে স্বীয় সম্পদ ব্যয় করে লোক দেখানোর জন্য, অথচ সে আল্লাহ ও পরকালের প্রতি ঈমান রাখে না।

كَمَثَلِ صَفْوَانٍ عَلَيْهِ تُرَابٌ فَأَصَابَهُۥ وَابِلٌ فَتَرَكَهُۥ صَلْدًا ۖ لَّا يَقْدِرُونَ عَلَىٰ

কামাছালি ছোয়াফ্ওয়া-নিন্ 'আলাইহি তুরা-বুন্ ফাআছোয়া-বাহূ ওয়া-বিলুন্ ফাতারাকাহূ ছোয়াল্দা-; লা-ইয়াক্বিদূনা 'আলা-

যার উপমা একটি মসৃণ পাথরের ন্যায় যার ওপর সামান্য মাটি ছিল, তারপর প্রবল বৃষ্টি হল; ফলে তা পরিষ্কার হয়ে গেল;

شَىْءٍ مِّمَّا كَسَبُوا۟ ۗ وَٱللَّهُ لَا يَهْدِى ٱلْقَوْمَ ٱلْكَٰفِرِينَ ﴿٢٦٥﴾ وَمَثَلُ ٱلَّذِينَ

শাইয়িম্ মিম্মা-কাসাবূ; অল্লা-হু লা-ইয়াহ্দিল্ ক্বাওমাল্ কা-ফিরীন্। ২৬৫। অমাছালুল্ লাযীনা

এরা তাদের উপার্জিত ধন দ্বারা কিছুই করতে পারবে না; আল্লাহ কাফেরদেরকে সুপথ দেখান না। (২৬৫) যারা আল্লাহর সন্তুষ্টি

يُنفِقُونَ أَمْوَٰلَهُمُ ٱبْتِغَآءَ مَرْضَاتِ ٱللَّهِ وَتَثْبِيتًا مِّنْ أَنفُسِهِمْ كَمَثَلِ جَنَّةٍۭ

ইয়ুন্ফিক্বূ না আম্ওয়া-লাহুমুব্ তিগা — আ মারদ্বোয়া-তিল্লা-হি অতাছ্বীতাম মিন্ আন্ফুসিহিম্ কামাছালি জ্বান্নাতিম্

কামনায় ও স্বীয় মনকে দৃঢ় করার লক্ষ্যে সম্পদ ব্যয় করে তাদের উপমা কোন উঁচু ভূমির বাগানের ন্যায়

بِرَبْوَةٍ أَصَابَهَا وَابِلٌ فَـَٔاتَتْ أُكُلَهَا ضِعْفَيْنِ ۖ فَإِن لَّمْ يُصِبْهَا وَابِلٌ فَطَلٌّ ۗ

বিরাব্ওয়াতিন্ আছোয়া-বাহা-ওয়া-বিলুন্ ফাআ-তাত্ উকুলাহা-দ্বি'ফাইনি, ফাইল্ লাম্ ইয়ুছিব্হা-ওয়া-বিলুন্ ফাত্বোয়াল্;

যাতে প্রচুর বৃষ্টিপাত হয়, ফলে ফসল দ্বিগুণ ফলে; আর প্রবল বৃষ্টি না হলেও শিশির পাতই যথেষ্ট;

وَٱللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ﴿٢٦٦﴾ أَيَوَدُّ أَحَدُكُمْ أَن تَكُونَ لَهُۥ جَنَّةٌ مِّن نَّخِيلٍ وَ

অল্লা-হু বিমা-তা'মালূনা বাছীর্। ২৬৬। আইয়াওদ্দু আহাদুকুম্ আন্ তাকূনা লাহূ জ্বান্নাতুম্ মিন্ নাখীলিওঁ অ

নিশ্চয় আল্লাহ তোমাদের কৃতকর্ম দেখেন। (২৬৬) তোমাদের কেউ কি পছন্দ করে যে, তার একটি খেজুর ও

আয়াত-২৬৩ ঃ আর্থিক অক্ষমতা ও ওযরের সময় যাঞ্ছাকারীর জবাবে কোন সংগত কারণ বলে দেওয়া এবং যাঞ্ছাকারী খারাপ আচরণ করলে বা রাগান্বিত হলে তাকে মাপ করা সেই দানকারীর চেয়ে উত্তম যে গ্রহীতাকে দানের পর কষ্ট দেয়। আল্লাহ তাআ'লা সম্পদশালী ও ধৈর্যশীল। তিনি কারো মুখাপেক্ষী নন। মনে রাখতে হবে, যে ব্যক্তি ব্যয় করে সে স্বীয় উপকারের জন্যই করে। সুতরাং ব্যয় করার সময় প্রত্যেক লোকেরই লক্ষ্য রাখা উচিত যে, কারো প্রতি তার অনুগ্রহ নেই। স্বীয় উপকারের জন্যই সে ব্যয় করছে। দান গ্রহীতার নিকট থেকে কোনরূপ অকৃতজ্ঞতা বুঝা গেলেও তাকে আল্লাহর রীতির অনুসারী হয়ে মাফ করা প্রয়োজন। (মাঃ কোঃ)

أَعْنَابٍ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ لَهُ فِيهَا مِن كُلِّ الثَّمَرَاتِ وَأَصَابَهُ

আ'না-বিন্ তাজ্‌রী মিন্ তাহ্‌তিহাল্ আন্‌হা- রু লাহূ ফীহা-মিন্ কুল্লিছ্ ছামারা-তি অআছোয়া-বাহুল্
আঙ্গুর বাগান হোক, যার নিচ দিয়ে ঝর্ণা প্রবাহিত এবং ওতে সব ধরনের ফল থাকে, আর সে বার্ধক্যে পৌঁছে আর তার

الْكِبَرُ وَلَهُ ذُرِّيَّةٌ ضُعَفَاءُ فَأَصَابَهَا إِعْصَارٌ فِيهِ نَارٌ فَاحْتَرَقَتْ كَذَٰلِكَ

কিবারু অলাহূ যুররিইয়্যাতুন্ দ্বু'আফা — উ ফাআছোয়া-বাহা~ ই'ছোয়া-রুন্ ফীহি না-রুন্ ফাহ্‌তারাক্বাত্; কাযা-লিকা
থাকবে সন্তানাদি, সে থাকবে অক্ষম, অতঃপর ঐ বাগানে প্রবল অগ্নিঝড় বয়ে সব ভস্মীভূত হয়ে যায়? আল্লাহ এভাবে

৩৬ ع ৪ রুকু

يُبَيِّنُ اللَّهُ لَكُمُ الْآيَاتِ لَعَلَّكُمْ تَتَفَكَّرُونَ ﴿٢٦٧﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَنفِقُوا

ইয়ুবাইয়্যিনুল্লা-হু লাকুমুল্ আ-ইয়া-তি লা'আল্লাকুম্ তা তাফাক্কারূন্ ।২৬৭। ইয়া~ আইয়ুহাল্লাযীনা আ-মানূ~ আন্‌ফিকূ
তোমাদের জন্য নিদর্শনাদি ব্যাখ্যা করেন, যেন ভাবতে পার। (২৬৭) হে মুমিনরা! তোমরা ব্যয় কর উৎকৃষ্ট বস্তু

مِن طَيِّبَاتِ مَا كَسَبْتُمْ وَمِمَّا أَخْرَجْنَا لَكُم مِّنَ الْأَرْضِ ۖ وَلَا تَيَمَّمُوا الْخَبِيثَ

মিন্ ত্বোয়াইয়্যিবা-তি মা-কাসাব্‌তুম্ অমিম্মা~ আখ্‌রাজ্‌না-লাকুম্ মিনাল্ আর্‌দ্বি অলা-তাইয়াম্মামুল্ খাবীছা
ব্যয়ের ইচ্ছা তোমাদের সম্পদ হতে যা উপার্জন কর আর যা আমি ভূমি হতে উৎপন্ন করে দেই তা হতে। মন্দ জিনিস

مِنْهُ تُنفِقُونَ وَلَسْتُم بِآخِذِيهِ إِلَّا أَن تُغْمِضُوا فِيهِ ۚ وَاعْلَمُوا أَنَّ اللَّهَ غَنِيٌّ

মিন্‌হু তুন্‌ফিক্বূনা অলাস্‌তুম্ বিআ-খিযীহি ইল্লা~ আন্ তুগ্‌মিদ্বূ ফীহ্; অ'লামূ ~ আন্নাল্লা-হা গানিইয়্যুন্
ব্যয় করো না। অথচ তোমরা তা গ্রহণ করার নয় যদি না চক্ষু বন্ধ কর। জেনে রাখ, আল্লাহ ধনবান

حَمِيدٌ ﴿٢٦٨﴾ الشَّيْطَانُ يَعِدُكُمُ الْفَقْرَ وَيَأْمُرُكُم بِالْفَحْشَاءِ ۖ وَاللَّهُ يَعِدُكُم مَّغْفِرَةً

হামীদ্ ।২৬৮। আশ্ শাইত্বোয়া-নু ইয়া'ইদুকুমুল্ ফাক্বু্‌রা অইয়া"মুরুকুম্ বিল্‌ফাহশা ~ 'ই অল্লা-হু ইয়া'ইদুকুম্ মাগ্‌ফিরাতাম্
প্রশংসিত। (২৬৮) শয়তান তোমাদেরকে গরীবির ভয় দেখায় এবং অশ্লীলতার নির্দেশ দেয়। আল্লাহ তোমাদেরকে ক্ষমা

مِّنْهُ وَفَضْلًا ۗ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ ﴿٢٦٩﴾ يُؤْتِي الْحِكْمَةَ مَن يَشَاءُ ۚ وَمَن يُؤْتَ

মিন্‌হু অফাদ্বলা-; অল্লা-হু ওয়া-সি'উন্ 'আলীম্। ২৬৯। ইয়ু"তিল্ হিক্‌মাতা মাইঁ ইয়াশা — উ, অমাইঁ ইয়ু"তাল্
ও করুণার প্রতিশ্রুতি দিতেছেন ২ আর আল্লাহ প্রাচুর্যময়, মহাজ্ঞানী। (২৬৯) যাকে ইচ্ছা হিকমাত দান করেন, যে হিকমাত প্রাপ্ত হয়,

الْحِكْمَةَ فَقَدْ أُوتِيَ خَيْرًا كَثِيرًا ۗ وَمَا يَذَّكَّرُ إِلَّا أُولُو الْأَلْبَابِ ﴿٢٧٠﴾ وَمَا أَنفَقْتُم

হিক্‌মাতা ফাক্বাদ্ উতিয়া খাইরান্ কাছীরা-; অমা-ইয়ায্‌যাক্কারু ইল্লা~উলুল্ আল্‌বা-ব্। ২৭০। অমা~ আন্‌ফাক্বুতুম্
সে তো প্রচুর কল্যাণপ্রাপ্ত হয়; আর জ্ঞানী ছাড়া কেউ উপদেশ গ্রহণ করে না। (২৭০) আর তোমরা যা

আয়াত ঃ ২৬৭ ঃ পূর্বোক্ত আয়াতসমূহে দান-খয়রাত কবুল হওয়ার জন্য ছয়টি শর্ত জানা যায়। (১) সম্পদ হালাল হওয়া, (২) সুন্নাহ অনুযায়ী ব্যয় করা, (৩) ছহীহ্ খাতে ব্যয় করা, (৪) দানি করে অনুগ্রহ প্রকাশ না করা, (৫) গ্রহীতাকে হেয়-প্রতিপন্ন না করা এবং অন্য কোনভাবে কষ্ট না দেয়া ও (৬) বিশুদ্ধ নিয়তে একমাত্র আল্লাহর সন্তুষ্টির জন্য দান করা। (মাঃ কোঃ) টীকা-২। আয়াত-১৬৮ঃ যখন কারো মনে এ ধারণার সৃষ্টি হয় যে, দান খয়রাত করলে গরীব হয়ে যাব, তখন বুঝতে হবে যে, এ প্ররোচনা শয়তানের তরফ থেকে দেয়া হয়েছে। পক্ষান্তরে যার মনে এ ধারণা সৃষ্টি হয় যে, দান-খয়রাতে গুনাহ মাফ হবে এবং ধন-সম্পদও বেড়ে যাবে এবং বরকত হবে, তখন মনে করতে হবে এটি আল্লাহর পক্ষ হতে। (মাঃ (কোঃ)

مِّن نَّفَقَةٍ أَوْ نَذَرْتُم مِّن نَّذْرٍ فَإِنَّ اللَّهَ يَعْلَمُهُ ۗ وَمَا لِلظَّالِمِينَ مِنْ أَنصَارٍ ★

মিন্ নাফাক্বাতিন্ আও নাযারতুম্ মিন্ নায্‌রিন্ ফাইন্নাল্লা-হা ইয়া'লামুহু; অমা-লিজজোয়া-লিমীনা মিন্ আন্‌ছোয়া-র্।
কিছু দান কর বা যা কিছু মান্নত কর, আল্লাহ তা সম্যক অবগত; আর যালিমদের কোন সাহায্যকারী নেই।

(২৭১) إِن تُبْدُوا الصَّدَقَاتِ فَنِعِمَّا هِيَ ۖ وَإِن تُخْفُوهَا وَتُؤْتُوهَا الْفُقَرَاءَ فَهُوَ

২৭১। ইন্ তুব্‌দুছ ছদাক্বা-তি ফানি'ইম্মা-হিয়া ,অইন্ তুখ্‌ফূহা-অতু"তূ হাল্ ফুক্বারা — আ ফাহুওয়া
(২৭১) তোমরা যদি প্রকাশ্যে দান কর তা-ও ভাল, যদি গোপনে কর এবং গরীবকে প্রদান কর, তবে তোমাদের

خَيْرٌ لَّكُمْ ۚ وَيُكَفِّرُ عَنكُم مِّن سَيِّئَاتِكُمْ ۗ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ (٢٧٢) لَّيْسَ عَلَيْكَ

খাইরুল্লাকুম্; অইয়ুকাফ্‌ফিরু 'আনকুম্ মিন্ সাইয়্যিআ-তিকুম্; অল্লা-হু বিমা- তা'মালূনা খাবীর্। ২৭২। লাইসা 'আলাইকা
জন্য উত্তম; আর তোমাদের পাপ মোচন করবেন; আল্লাহ তোমাদের কৃতকর্ম সম্পর্কে সম্যক অবহিত। (২৭২) তাদেরকে

هُدَاهُمْ وَلَٰكِنَّ اللَّهَ يَهْدِي مَن يَشَاءُ ۗ وَمَا تُنفِقُوا مِنْ خَيْرٍ فَلِأَنفُسِكُمْ ۚ

হুদা-হুম্ অলা-কিন্নাল্লা-হা ইয়াহ্‌দী মাইঁ ইয়াশা — উ; অমা-তুন্‌ফিক্বূ মিন্ খাইরিন্ ফালিআন্‌ফুসিকুম্;
সৎপথে আনা আপনার দায়িত্ব নয়,বরং আল্লাহ যাকে চান সৎপথ দেখান। তোমাদের দান তোমাদের জন্যই;

وَمَا تُنفِقُونَ إِلَّا ابْتِغَاءَ وَجْهِ اللَّهِ ۚ وَمَا تُنفِقُوا مِنْ خَيْرٍ يُوَفَّ إِلَيْكُمْ وَأَنتُمْ

অমা-তুন্‌ফিক্বূনা ইল্লাব্‌তিগা — আ অজ্‌হিল্লা-হ্; অমা-তুন্‌ফিক্বূ মিন্ খাইরিইঁ ইয়ুঅফ্‌ফা ইলাইকুম্ অআন্‌তুম্
উপকারার্থেই এবং একমাত্র আল্লাহর সন্তুষ্টির লক্ষ্যেই দান কর। আর যা কিছু তোমরা দান কর, পূর্ণ ফল পাবে;

لَا تُظْلَمُونَ (٢٧٣) لِلْفُقَرَاءِ الَّذِينَ أُحْصِرُوا فِي سَبِيلِ اللَّهِ لَا يَسْتَطِيعُونَ ضَرْبًا

লা-তুজ্‌লামূন্। ২৭৩। লিল্ ফুক্বারা — য়িল্লাযীনা উহ্‌ছিরূ ফী সাবীলিল্লা-হি লা-ইয়াস্‌তাত্বী'উনা দ্বোয়ার্‌বান্
তোমাদের উপর অবিচার করা হবে না। (২৭৩) (এ দান) আল্লাহর পথে নিযুক্ত দরিদ্রদের জন্য, যারা জীবিকার সন্ধানে চলতে পারে

فِي الْأَرْضِ يَحْسَبُهُمُ الْجَاهِلُ أَغْنِيَاءَ مِنَ التَّعَفُّفِ تَعْرِفُهُم بِسِيمَاهُمْ

ফিল্ আর্‌দ্বি ইয়াহ্‌সাবুহুমুল্ জ্বা-হিলু আগ্‌নিয়া — আ মিনাত তা'আফ্‌ফুফি, তা'রিফুহুম্ বিসীমা-হুম্,
না[১], যমীনে তারা হাত পাতে না বলে অজ্ঞরা তাদেরকে ধনী মনে করে; আপনি তাদের লক্ষণ দ্বারা চিনতে পারবেন;

لَا يَسْأَلُونَ النَّاسَ إِلْحَافًا ۗ وَمَا تُنفِقُوا مِنْ خَيْرٍ فَإِنَّ اللَّهَ بِهِ عَلِيمٌ (٢٧٤) الَّذِينَ

লা-ইয়াস্‌আলূনান্না-সা ইল্‌হা-ফা-; অমা-তুন্‌ফিক্বূ মিন্ খাইরিন ফাইন্নাল্লা-হা বিহী 'আলীম্। ২৭৪। আল্লাযীনা
তারা ব্যাকুলভাবে স্বীয় অবস্থা মানুষের কাছে বর্ণনা করে না। তোমাদের ব্যয় সম্বন্ধে আল্লাহ ভাল জানেন। (২৭৪) যারা

এক চতুর্থাংশ ● ৩৭
ع ৯ ৫ রুকু

শানেনুযূল ঃ আয়াত-২৭২ ঃ হযরত আবু বকর (রাঃ)-এর সাথে বিনতে ওমাইজ যখন পরিণয় সূত্রে আবদ্ধ হন তখন তাঁর মা ও দাদী যারা তখনও মুশরিক ছিলেন, তারা হযরত আবু বকর (রাঃ)-এর নিকট হতে কিছু দানস্বরূপ ভাতার প্রার্থী হলেন। তখন তিনি আল্লাহর সাথে শরীক সাব্যস্তকারীদেরকে কিছু দিতে অস্বীকার করলেন। তখন এ আয়াত অবতীর্ণ হয়; অর্থাৎ অভাবীদেরকে সাহায্য করা যে কোন অবস্থায় হোক না কেন ছওয়াবের কাজই হবে, যাঞ্চাকারী যে ধর্মাবলম্বীই হোক না কেন। টীকা - ১। এখানে মসজিদে নবুবীতে অবস্থানরত গরীব সাহাবীদের কথাই উল্লেখ করা হয়েছে; তাদেরকে 'আছহাবে ছোফ্‌ফা' বলা হত, সুদ যে খায়, যে দেয়, যে লেখে এবং যে সাক্ষী ও জিম্মাদদার সকলেই জাহান্নামী।

يُنْفِقُونَ أَمْوَالَهُمْ بِالَّيْلِ وَالنَّهَارِ سِرًّا وَعَلَانِيَةً فَلَهُمْ أَجْرُهُمْ عِنْدَ

ইয়ুন্‌ফিক্বূনা আম্‌ওয়া-লাহুম্ বিল্লাইলি অন্নাহা-রি সির্‌রাওঁ অ'আলা-নিয়াতান্ ফালাহুম্ আজ্‌রুহুম্ 'ইন্‌দা
আপন ধন সম্পদ রাতে ও দিনে, প্রকাশ্যে ও অপ্রকাশ্যে দান করে, তাদের জন্য রয়েছে তাদের রবের নিকট পুরস্কার,

رَبِّهِمْ ۚ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿٢٧٥﴾ الَّذِينَ يَأْكُلُونَ الرِّبٰوا لَا

রব্বিহিম, অলা-খাওফুন্ 'আলাইহিম্ অলা-হুম্ ইয়াহ্‌যানূন্। ২৭৫। আল্লাযীনা ইয়া'কুলূনার্ রিবা-লা
তাদের কোন ভয় নেই, নেই কোন চিন্তা। (২৭৫) যারা সুদ খায় তারা ঐ ব্যক্তির ন্যায় উঠবে যাকে

يَقُومُونَ إِلَّا كَمَا يَقُومُ الَّذِي يَتَخَبَّطُهُ الشَّيْطٰنُ مِنَ الْمَسِّ ۚ ذٰلِكَ بِأَنَّهُمْ

ইয়াকূ্মূনা ইল্লা-কামা-ইয়াকূ্মুল্ লাযী ইয়াতাখাব্বাত্বুহুশ্ শাইত্বোয়া-নু মিনাল্ মাস্; যা-লিকা বিআন্নাহুম্
শয়তান স্পর্শ করে পাগল করে দেয়। তা এজন্য যে, তারা বলে-"ক্রয়-বিক্রয় সুদের মত,

قَالُوا إِنَّمَا الْبَيْعُ مِثْلُ الرِّبٰوا ۘ وَأَحَلَّ اللّٰهُ الْبَيْعَ وَحَرَّمَ الرِّبٰوا ۚ فَمَنْ

ক্বা-লূ~ ইন্নামাল্ বাই'উ মিছ্‌লুর্ রিবা-। অআহাল্লাল্লা-হুল্ বাই'আ অহার্‌রামার্ রিবা-; ফামান্
অথচ আল্লাহ ক্রয় বিক্রয়কে হালাল ও সুদকে হারাম করেছেন। যার কাছে রবের পক্ষ হতে নির্দেশ

جَاءَهُ مَوْعِظَةٌ مِنْ رَبِّهِ فَانْتَهٰى فَلَهُ مَا سَلَفَ ۚ وَأَمْرُهُ إِلَى اللّٰهِ ۚ وَمَنْ عَادَ

জা—আহূ মাও'ই জোয়াতুম্ মির রব্বিহী ফান্‌তাহা-ফালাহূ মা-সালাফ্; অআম্‌রুহূ ~ ইলাল্লা-হ্; অমান্ 'আ-দা
আসার পর সুদ গ্রহণ থেকে বিরত রয়েছে, তবে অতীতের সব তারই। তার ব্যাপার আল্লাহর উপর ন্যস্ত, যারা পুনরায়

فَأُولٰٓئِكَ أَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيهَا خٰلِدُونَ ﴿٢٧٦﴾ يَمْحَقُ اللّٰهُ الرِّبٰوا وَيُرْبِي

ফাউলা—য়িকা আছ্‌হা-বুন না-রি হুম্ ফীহা- খা-লিদূন্। ২৭৬। ইয়াম্‌হাক্বুল্লা-হুর রিবা-অইয়ুর্‌বিছ্
সুদ গ্রহণ করবে, তারাই জাহান্নামী। সেখানে তারা চিরকাল থাকবে। (২৭৬) আল্লাহ সুদকে ধ্বংস ও দানকে বর্ধিত

الصَّدَقٰتِ ۗ وَاللّٰهُ لَا يُحِبُّ كُلَّ كَفَّارٍ أَثِيمٍ ﴿٢٧٧﴾ إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا

ছাদাক্বা-তি; অল্লা-হু লা-ইয়ুহিব্বু কুল্লা কাফ্‌ফা-রিন্ আছীম্। ২৭৭। ইন্নাল্লাযীনা আ-মানূ অ'আমিলুছ্
করেন। আল্লাহ কোন পাপী কাফেরকে পছন্দ করেন না। (২৭৭) নিশ্চয়ই যারা ঈমান আনে এবং সৎকর্ম করে

الصّٰلِحٰتِ وَأَقَامُوا الصَّلٰوةَ وَآتَوُا الزَّكٰوةَ لَهُمْ أَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ۚ وَلَا

ছোয়া-লিহা-তি অআক্বা-মুছ্ ছলা-তা অআ-তুয্ যাকা-তা লাহুম্ আজ্‌রুহুম্ 'ইন্‌দা রব্বিহিম্ অলা-
ও নামায কায়েম করে আর যাকাত দেয়, তাদের জন্য তাদের পালনকর্তার কাছে পুরস্কার আছে; তাদের নাই

ওয়াক্‌ফে মনযিল

ওয়াক্‌ফে লাযেম

টীকা-১। শানেনুযূল, ঃ আয়াত- ২৭৫ ঃ হযরত ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আলোচ্য আয়াত হযরত আলী (রাঃ) সম্পর্কে নাযিল হয়েছে। তাঁর নিকট চারটি দিরহাম ছিল; তার মধ্যে তিনি একটি দিরহাম দিনে, একটি দিরহাম রাতে আর একটি দিরহাম প্রকাশ্যে ও একটি দিরহাম গোপনে দান করেন। (ইবনে জারীর, তাবারানী)

অপর এক বর্ণনায় আছে, একবার হযরত আবূ বকর সিদ্দীক (রাঃ) দশ হাজার দেরহাম দিনে, দশ হাজার দেরহাম রাতে, দশ হাজার দেরহাম প্রকাশ্যে আর দশ হাজার দেরহাম গোপনে মোট চল্লিশ হাজার দেরহাম দান করেন। তাঁর সম্পর্কে এ আয়াতটি নাযিল হল। (মাঃ কোঃ)

خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿٢٧٨﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَذَرُوا

খাওফুন্ 'আলাইহিম্, অলা-হুম ইয়াহ্যানূন্। ২৭৮। ইয়া~ আইয়্যুহাল্লাযীনা আ-মানুত্তাক্বুল্লা-হা অযারু
কোন ভয়, নেই কোন চিন্তা। (২৭৮) হে লোকেরা তোমরা যারা ঈমান এনেছ! আল্লাহকে ভয় কর,

مَا بَقِيَ مِنَ الرِّبَا إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ ﴿٢٧٩﴾ فَإِنْ لَمْ تَفْعَلُوا فَأْذَنُوا بِحَرْبٍ مِنَ اللَّهِ

মা-বাক্বিয়া মিনার্ রিবা~ ইন্ কুন্তুম্ মু'মিনীন্। ২৭৯। ফাইল্লাম্ তাফ্আলূ ফা''যানূ বিহার্বিম্ মিনাল্লা-হি
বকেয়া সুদ ছেড়ে দাও যদি ম'মিন হও। (২৭৯) অন্যথা আল্লাহ ও রাসূলের পক্ষ হতে তোমাদের

وَرَسُولِهِ ۚ وَإِنْ تُبْتُمْ فَلَكُمْ رُءُوسُ أَمْوَالِكُمْ ۚ لَا تَظْلِمُونَ وَلَا تُظْلَمُونَ ﴿٢٨٠﴾

অরাসূলিহী, অইন্ তুব্তুম্ ফালাকুম্ রুয়ূসু আম্ওয়া-লিকুম্, লা-তাজ্লিমূনা অলা-তুজ্লামূন্।
বিরুদ্ধে যুদ্ধের কথা জেনে রাখ, যদি তওবা কর, তবে মূলধন পাবে। তোমরা অত্যাচার করবে না, আর অত্যাচারিত হয়ো না।

وَإِنْ كَانَ ذُو عُسْرَةٍ فَنَظِرَةٌ إِلَىٰ مَيْسَرَةٍ ۚ وَأَنْ تَصَدَّقُوا خَيْرٌ لَكُمْ إِنْ

২৮০। অইন্ কা-না যূ'উস্রাতিন্ ফানাজিরাতুন্ ইলা-মাইসারাহ্; অআন্ তাছোয়াদ্দাক্বূ খাইরুল্লাকুম্ ইন্
(২৮০) আর সে অভাবী হলে সচ্ছলতা পর্যন্ত তাকে অবকাশ দেয়া প্রয়োজন, মাফ করা হলে আরো উত্তম হবে, যদি

كُنْتُمْ تَعْلَمُونَ ﴿٢٨١﴾ وَاتَّقُوا يَوْمًا تُرْجَعُونَ فِيهِ إِلَى اللَّهِ ثُمَّ تُوَفَّىٰ كُلُّ

কুন্তুম্ তা'লামূন্। ২৮১। অত্তাক্বূ ইয়াওমান্ তুর্জ্বা'উনা ফীহি ইলাল্লা-হি ছুম্মা তুওয়াফ্ফা-কুল্লু
তোমরা বুঝ। (২৮১) আর সেদিনের ভয় কর, যেদিন আল্লাহর কাছে ফিরে যাবে, তখন প্রত্যেকের

نَفْسٍ مَا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُونَ ﴿٢٨٢﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا تَدَايَنْتُمْ ৩৮ ع ৮ ৬ রুকু

নাফ্সিম্ মা-কাসাবাত্ অহুম্ লা-ইয়ুজ্লামূন। ২৮২। ইয়া~ আইয়্যুহাল্লাযীনা আ-মানূ~ ইযা-তাদা-ইয়ান্তুম্
কর্মফল পুরোপুরি দেয়া হবে, জুলুম করা হবে না। (২৮২) হে লোকেরা তোমরা যারা ঈমান এনেছ! যখন তোমরা নির্দিষ্ট

بِدَيْنٍ إِلَىٰ أَجَلٍ مُسَمًّى فَاكْتُبُوهُ ۚ وَلْيَكْتُبْ بَيْنَكُمْ كَاتِبٌ بِالْعَدْلِ ۖ

বিদাইনিন্ ইলা~ আজ্বালিম্ মুসাম্মান ফাক্তুবূহ্; অল্ইয়াক্তুব্ বাইনাকুম্ কা-তিবুম্ বিল্'আদ্লি
সময়ের জন্য ঋণের কারবার কর, তখন লিখে রাখ। অথবা কোন লেখক যেন ন্যায়সঙ্গতভাবে লিখে দেয়।

وَلَا يَأْبَ كَاتِبٌ أَنْ يَكْتُبَ كَمَا عَلَّمَهُ اللَّهُ فَلْيَكْتُبْ ۚ وَلْيُمْلِلِ الَّذِي

অলা-ইয়া''বা কা-তিবুন্ আইঁ ইয়াক্তুবা কামা-'আল্লামাহুল্লা-হু ফাল্ইয়াক্তুব্, অল্ইয়ুম্লিলিল্লাযী
লেখক যেন লিখতে অস্বীকার না করে; আল্লাহ যেমন শিক্ষা দিয়েছেন তেমন লিখবে; দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি যেন

শানেনুযূল ঃ আয়াত-২৭৮ ঃ বর্বর যুগে ধনী আমর ছকফী বনী মুগীরা মখযুমীর সাথে সুদী কারবার করত। মক্কা বিজয়ের দিন রাসূলুল্লাহ (ছঃ) যখন সুদ হারাম হওয়ার কথা ঘোষণা করলেন, তখন বনী আমর এ শর্তে চুক্তি করল যে, তাদের অতীত প্রাপ্য সুদ পূর্ব প্রথা অনুযায়ী আদায় করতে হবে। আর তাদের নিকট অন্যের প্রাপ্য সুদ মাপ হয় যাবে। অতঃপর তারা বনী মুগীরা হতে তাদের অতীত প্রাপ্য সুদ আদায় করে নেয়ার জন্য পীড়াপীড়ি শুরু করে দিল। তখন বনী মুগীরার লোকেরা উদ্বিগ্নতা সহকারে মক্কার তখনকার শাসক এতাব ইবনে উছাইদের সমীপে এ মর্মে মামলা দায়ের করল যে, বড়ই অবিচারের বিষয়, সমগ্র মক্কাবাসী সুদী কর্জ

عَلَيْهِ الْحَقُّ وَلْيَتَّقِ اللّٰهَ رَبَّهٗ وَلَا يَبْخَسْ مِنْهُ شَيْـًٔا ؕ فَاِنْ كَانَ الَّذِیْ

'আলাইহিল্ হাক্ব্কু অল্ইয়াত্তাক্বিল লা-হা রব্বাহূ অলা-ইয়াব্খাস্ মিন্হু শাইয়া-; ফাইন্ কা-নাল্লাযী

লেখার সময় ভয় করে, তার রব আল্লাহকে; আর কিছু যেন না কমায়। তবে যে ঋণ গ্রহণ করে,

عَلَيْهِ الْحَقُّ سَفِيْهًا اَوْ ضَعِيْفًا اَوْ لَا يَسْتَطِيْعُ اَنْ يُّمِلَّ هُوَ فَلْيُمْلِلْ

'আলাইহিল্ হাক্ব্কু সাফীহান্ আও দ্বোয়া'ঈফান্ আওলা- ইয়াস্তাত্বী'উ আইঁ ইয়ুমিল্লা হুওয়া ফাল্ইয়ুম্লিল্

সে যদি বোকা বা দুর্বল হয় বা লেখার বিষয় বলে দিতে সক্ষম না হয়; তবে অভিভাবক যেন ন্যায়সঙ্গতভাবে লেখায়।

وَلِيُّهٗ بِالْعَدْلِ ؕ وَاسْتَشْهِدُوْا شَهِيْدَيْنِ مِنْ رِّجَالِكُمْ ۚ فَاِنْ لَّمْ يَكُوْنَا رَجُلَيْنِ

অলিয়্যুহূ বিল্'আদল্; অস্তাশ্হিদূ শাহীদাইনি মির্ রিজ্বা-লিকুম্, ফাইল্লাম্ ইয়াকূনা-রাজ্বুলাইনি

আর দুজন সাক্ষী রাখবে তোমাদের পুরুষদের মধ্য থেকে, যদি দুজন পুরুষ না থাকে

فَرَجُلٌ وَّامْرَاَتٰنِ مِمَّنْ تَرْضَوْنَ مِنَ الشُّهَدَآءِ اَنْ تَضِلَّ اِحْدٰىهُمَا فَتُذَكِّرَ

ফারাজ্বুলুওঁ অম্রায়াতা-নি মিম্মান তারদ্বোয়াওনা মিনাশ্ শুহাদা —য়ি আন্ তাদ্বিল্লা ইহ্দা-হুমা-ফাতুযাক্কিরা

তবে একজন পুরুষ ও দুজন নারীর ভেতর থেকে যাদেরকে তোমরা পছন্দ কর। যেন একজন ভুলে গেলে অন্যজন

اِحْدٰىهُمَا الْاُخْرٰى ؕ وَلَا يَاْبَ الشُّهَدَآءُ اِذَا مَا دُعُوْا ؕ وَلَا تَسْـَٔمُوْٓا اَنْ

ইহ্দা-হুমাল্ উখ্রা- অলা-ইয়া''বাশ্ শুহাদা —উ ইযা- মা-দু'ঊ; অলা- তাস্আমূ ~ আন্

স্মরণ করাতে পারে। যখন ডাকা হবে তখন সাক্ষীরা যেন অস্বীকার না করে। ঋণ ছোট হোক বা

تَكْتُبُوْهُ صَغِيْرًا اَوْ كَبِيْرًا اِلٰٓى اَجَلِهٖ ؕ ذٰلِكُمْ اَقْسَطُ عِنْدَ اللّٰهِ وَاَقْوَمُ

তাক্তুবূহু ছোয়াগীরান্ আও কাবীরান্ ইলা~ আজ্বালিহ্; যা-লিকুম্ আক্বসাত্বু 'ইন্দাল্লা-হি অআক্বওয়ামু

বড় হোক মেয়াদসহ লিখতে শৈথিল্য করো না; এ লিখে রাখার কাজ আল্লাহর কাছে বিচারসম্মত,

لِلشَّهَادَةِ وَاَدْنٰٓى اَلَّا تَرْتَابُوْٓا اِلَّآ اَنْ تَكُوْنَ تِجَارَةً حَاضِرَةً تُدِيْرُوْنَهَا

লিশ্ শাহা-দাতি অআদ্না~ আল্লা-তার্তা-বূ~ ইল্লা~ আন্ তাকূনা তিজ্বা-রাতান্ হা-দ্বিরাতান্ তুদ্বীরূনাহা-

সাক্ষ্যের জন্য প্রয়োজন দৃঢ়তর এবং সন্দেহমুক্ত হওয়া; কিন্তু যদি ব্যবসায় নগদ হয় আর হাতে হাতে লেনদেন কর,

بَيْنَكُمْ فَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ اَلَّا تَكْتُبُوْهَا ؕ وَاَشْهِدُوْٓا اِذَا تَبَايَعْتُمْ ۪

বাইনাকুম্ ফালাইসা 'আলাইকুম্ জুনা-হুন্ আল্লা–তাক্তুবূহা-; অআশ্হিদূ ~ ইযা- তাবা-ইয়া'তুম্

তবে যদি তোমরা তা না লিখ, তবে তোমাদের কোন দোষ নেই; পরস্পর কেনা-বেচার সাক্ষী রেখো,

হতে মুক্তি পেল। কিন্তু আমরা এখনও সে আপদের বেড়াজালে আবদ্ধ রয়ে গেলাম। তখন তিনি ঘটনার পূর্ণ বিবরণ লিখে রাসূলুল্লাহ্ (ছঃ)-এর নিকট পাঠালে এ আয়াত নাযিল হয়। (বঃ কোঃ) **শানেনুযুল ঃ** আয়াত-২৮৫ঃ যখন মনের কল্পনার হিসেব গ্রহণের কথা বর্ণিত হল, তখন হযরত আবূ বকর (রাঃ), ওমর (রাঃ), মো'আয ইবনে জাবাল (রাঃ) প্রমুখ সাহাবী হুযূর (ছঃ)-এর দরবারে হতভম্ব হয়ে উপস্থিত হলেন এবং উক্ত অবস্থায় নিষ্কৃতির কোন উপায় না থাকার কথা বললেনঃ কেননা , মন কারও আয়ত্তে থাকে না, ওতে মনে অনেক কু-ধারণার সৃষ্টি হয়। হুযূর (ছঃ) তখন

وَلَا يُضَآرَّ كَاتِبٌ وَّلَا شَهِيْدٌ ؕ وَاِنْ تَفْعَلُوْا فَاِنَّهٗ فُسُوْقٌۢ بِكُمْ ؕ وَاتَّقُوا اللّٰهَ ؕ

অলা-ইয়ুদ্বোয়া — র্‌রা কা-তিবুওঁ অলা-শাহীদ্; অইন্ তাফ্'আলূ ফাইন্নাহূ ফুসূক্বুম্ বিকুম্; অত্তাক্বুল্লা-হা
কোন লেখক আর সাক্ষীর ক্ষতি করা যাবে না; করলে তোমাদের পাপ হবে; তোমরা আল্লাহকে ভয় কর, তিনিই

وَيُعَلِّمُكُمُ اللّٰهُ ؕ وَاللّٰهُ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ﴿٢٨٣﴾ وَاِنْ كُنْتُمْ عَلٰى سَفَرٍ وَّلَمْ تَجِدُوْا

অইয়ু'আল্লিমুকুমুল্লা-হু; অল্লা-হু বিকুল্লি শাইয়িন্ 'আলীম্। ২৮৩। অইন্ কুন্‌তুম্ 'আলা-সাফারিওঁ অলাম্ তাজ্বিদূ
তোমাদের শিক্ষা দেন, আর আল্লাহ্ই সর্ববিষয়ে জ্ঞানী। (২৮৩) আর সফরে থাকলে যদি কোন লেখক না পাও,

كَاتِبًا فَرِهٰنٌ مَّقْبُوْضَةٌ ؕ فَاِنْ اَمِنَ بَعْضُكُمْ بَعْضًا فَلْيُؤَدِّ الَّذِى اؤْتُمِنَ

কা-তিবান্ ফারিহা-নুম্ মাক্বূবূদ্বোয়াহ্; ফাইন্ আমিনা বা'দ্বুকুম্ বা'দ্বোয়ান্ ফাল্‌ইয়ুআদ্ দিল্লাযি"তুমিনা
তবে বন্ধক হিসেবে কোন বস্তু রাখা বিধেয়; যদি পরস্পরকে বিশ্বাস কর, বিশ্বাস্য ব্যক্তি যেন আমানত ফেরত দেয়,

اَمَانَتَهٗ وَلْيَتَّقِ اللّٰهَ رَبَّهٗ ؕ وَلَا تَكْتُمُوا الشَّهَادَةَ ؕ وَمَنْ يَّكْتُمْهَا فَاِنَّهٗ

আমা-নাতাহূ অল্ ইয়াত্তাক্বিল্লা-হা রব্বাহূ; অলা–তাক্‌তুমুশ্ শাহা-দাহ্; অমাইঁ ইয়াক্‌তুম্‌হা-ফাইন্নাহূ ~
আর যেন তার রব আল্লাহকে ভয় করে, আর তোমরা সাক্ষ্য গোপন কর না; যে সাক্ষ্য গোপন করে তার অন্তর

৩৯ ع ২ ৭ রুকু

اٰثِمٌ قَلْبُهٗ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ عَلِيْمٌ ﴿٢٨٤﴾ لِلّٰهِ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ ؕ

আ-ছিমুন্ ক্বাল্‌বুহূ; অল্লা-হু বিমা-তা'মালূনা 'আলীম্। ২৮৪। লিল্লা-হি মা-ফিস্ সামা-ওয়া-তি অমা-ফিল্ আরদ্ব্;
পাপী। আল্লাহ তোমাদের কৃতকর্ম জানেন। (২৮৪) আসমান ও যমীনের সব কিছু আল্লাহরই।

وَاِنْ تُبْدُوْا مَا فِىْۤ اَنْفُسِكُمْ اَوْ تُخْفُوْهُ يُحَاسِبْكُمْ بِهِ اللّٰهُ ؕ فَيَغْفِرُ لِمَنْ

অইন্ তুব্‌দূ মা-ফী~ আন্‌ফুসিকুম্ আও তুখ্‌ফূহু ইয়ুহা-সিব্‌কুম্ বিহিল্লা-হু; ফাইয়াগ্‌ফিরু লিমাইঁ
তোমাদের মনের বিষয়সমূহ প্রকাশ কর আর গোপন কর, আল্লাহ তোমাদের কাছে তার হিসাব নেবেন;

يَّشَآءُ وَيُعَذِّبُ مَنْ يَّشَآءُ ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿٢٨٥﴾ اٰمَنَ الرَّسُوْلُ

ইয়াশা — উ অইয়ু'আযিবু মাইঁ ইয়াশা — উ অল্লা-হু 'আলা-কুল্লি শাইয়িন্ ক্বাদীর্। ২৮৫। আ-মানার্ রাসূলু
যাকে ইচ্ছা ক্ষমা করবেন যাকে ইচ্ছা শাস্তি দেবেন; আল্লাহ সর্বশক্তিমান। (২৮৫) রাসূল ও মু'মিনরা

بِمَاۤ اُنْزِلَ اِلَيْهِ مِنْ رَّبِّهٖ وَالْمُؤْمِنُوْنَ ؕ كُلٌّ اٰمَنَ بِاللّٰهِ وَمَلٰٓئِكَتِهٖ وَكُتُبِهٖ

বিমা~ উন্‌যিলা ইলাইহি মির্ রাব্বিহী অল্ মু"মিনূন্; কুল্লুন আ-মানা বিল্লা-হি অমালা — য়িকাতিহী অকুতুবিহী
রবের পক্ষ হতে অবতীর্ণ সকল কিছু বিশ্বাস করেন; তাঁরা সকলেই আল্লাহ, তাঁর ফেরেশতা, কিতাব ও রাসূলদের বিশ্বাস

ইহুদীদের ন্যায় তাঁদেরকে হুজ্জত করতে বারণ করলেন এবং মনিবের হুকুম মেনে নিতে উপদেশ দিলেন। ফলে তাঁরা মেনে নিলেন। তাঁদের এ আনুগত্যের প্রশংসা করে আলোচ্য আয়াত অবতীর্ণ হয়।

টিকা ঃ ঋণকে এখানে আমানত বলা হয়েছে। কেননা, ঋণদাতা ঋণ গ্রহীতার প্রতি চরম বিশ্বাসেই ঋণদান করেছে।

আয়াত ঃ ২৮৬ ঃ সাহাবীরা যখন এ আদেশ মেনে নিলেন তখন আল্লাহ তা'আলা অনুকম্পা সূচক এ আয়াত অবতীর্ণ করে ঘোষণা করেন যে, অন্তরের কল্পনাসমূহ ক্ষমাযোগ্য কেননা, তাতে মানুষের ক্ষমতা চলে না। আর এরূপ অক্ষম বিষয়ে ধর-পাকড় করা জুলুম হবে। আল্লাহ আপন বান্দাদের প্রতি অবিচারী নন।

وَرُسُلِهِ ۚ لَا نُفَرِّقُ بَيْنَ أَحَدٍ مِّن رُّسُلِهِ ۚ وَقَالُوا سَمِعْنَا وَأَطَعْنَا ۖ

অরুসুলিহী, লা-নুফার্‌রিকু বাইনা আহাদিম মির্ রুসুলিহী অক্বা-লূ সামি'না- অআত্বোয়া'না-
করেন। আমরা পার্থক্য করি না তাঁর রাসূলদের মাঝে; আর বলে, আমরা শুনলাম ও মানলাম,

غُفْرَانَكَ رَبَّنَا وَإِلَيْكَ الْمَصِيرُ ﴿٢٨٥﴾ لَا يُكَلِّفُ اللَّهُ نَفْسًا إِلَّا وُسْعَهَا ۚ لَهَا

গুফ্‌রা-নাকা রব্বানা- অইলাইকাল্ মাছীর্। ২৮৬। লা-ইয়ুকাল্লিফুল্লা-হু নাফ্‌সান্ ইল্লা-উস্'আহা-; লাহা-
হে আমাদের প্রতিপালক। ক্ষমা চাই, আর আপনার কাছেই প্রত্যাবর্তন স্থল। (২৮৬) আল্লাহ্ সাধ্যাতীত কষ্ট দেন না,

مَا كَسَبَتْ وَعَلَيْهَا مَا اكْتَسَبَتْ ۗ رَبَّنَا لَا تُؤَاخِذْنَا إِن نَّسِينَا أَوْ أَخْطَأْنَا ۚ

মা- কাসাবাত অ'আলাইহা- মাক্‌তাসাবাত; রব্বানা- লা-তুআ-খিয্‌না ~ ইন্নাসী ~ না-আও আখ্‌ত্বোয়া''না-,
সে কাজের প্রতিদান আর পাপের শাস্তি পাবে, হে আমাদের রব, ভুল বা ত্রুটির জন্য পাকড়াও করবেন না;

رَبَّنَا وَلَا تَحْمِلْ عَلَيْنَا إِصْرًا كَمَا حَمَلْتَهُ عَلَى الَّذِينَ مِن قَبْلِنَا ۚ

রব্বানা- অলা-তাহ্‌মিল্ 'আলাইনা~ ইছরান কামা-হামাল্‌তাহূ 'আলাল্লাযীনা মিন্ ক্বাব্‌লিনা-,
হে রব! আমাদের ওপর বোঝা দেবেন না পূর্ববর্তীদের ন্যায়; হে আমাদের রব! ক্ষমতার বাইরে

رَبَّنَا وَلَا تُحَمِّلْنَا مَا لَا طَاقَةَ لَنَا بِهِ ۖ وَاعْفُ عَنَّا وَاغْفِرْ لَنَا

রব্বানা- অলা-তুহাম্মিল্‌না- মা-লা-ত্বোয়া-ক্বাতা লানা-বিহ্;অ'ফু 'আন্না-অগ্‌ফির্ লানা-
৪০ কোন গুরুভার আমাদের উপর দেবেন না। আমাদের পাপ মোচন করুন, ক্ষমা করুন,

ع ৭ ৮ রুকু وَارْحَمْنَا ۚ أَنتَ مَوْلَانَا فَانصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ

অর্‌হাম্‌না- আন্‌তা মাওলা-না- ফান্‌ছুরনা- 'আলাল্ ক্বাওমিল্ কা-ফিরীন্।
দয়া করুন, আপনিই আমাদের একমাত্র অভিভাবক, কাফেরদের ওপর আমাদেরকে বিজয়ী করুন।

সূরা আলে ইমরান
মক্কাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ২০০
রুকূ ঃ ২০

الم ﴿١﴾ اللَّهُ لَا إِلَٰهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّومُ ﴿٢﴾ نَزَّلَ عَلَيْكَ الْكِتَابَ

১। আলিফ্ লা — ম্ মী — ম্ ২। আল্লা-হু লা ~ ইলা-হা ইল্লা-হুঅল হাইয়্যুল্ ক্বাইয়্যূম্। ৩। নায্‌যালা 'আলাইকাল্ কিতা-বা
(১) আলিফ্ লা-ম্ মী-ম। (২) আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, তিনি চিরঞ্জীব, চিরস্থায়ী। (৩) তিনি আপনার কাছে কিতাব নাযীল করেছেন

নামকরণ ঃ হযরত মারইয়ামের আব্বা ইমরানের পরিবার সম্পর্কীয় আলোচনা এ সূরায় থাকার কারণে এ সূরার নামকরণ আলে ইমরান করা হয়েছে।

শানেনুযূল ঃ আয়াত- ১ ঃ একদা একদল খ্রিস্টান রাসূলে করীম (ছঃ)এর নিকট এসে বিতর্কের সুরে বলতে লাগল, "হে মুহাম্মদ! ঈসা (আঃ) যদি আল্লাহর জাত পুত্র না হয়ে থাকেন তবে বলুন, তাঁর পিতা কে?" তিনি (রাসূল সাঃ) বললেন, হে মূর্খের দল! তোমাদের মতেও তো আল্লাহ অবিনশ্বর সত্তা, নশ্বর নন। আর ঈসা (আঃ) নশ্বর, তাঁর মৃত্যু আছে তিনি পানাহার করতেন, নিদ্রা যেতেন, পেশাব-পায়খানা করতেন। অথচ আল্লাহ তা'আলা এসব কিছু হতে পুতঃপবিত্র। কিন্তু এটি সর্বজনবিদিত যে জাত হয় জাতকের ন্যায়। সুতরাং

بِالْحَقِّ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ وَأَنزَلَ التَّوْرَاةَ وَالْإِنجِيلَ ۝٣ مِن قَبْلُ

বিল্হাক্ব্কি মুছোয়াদ্দিক্বাল্ লিমা-বাইনা ইয়াদাইহি অআন্যালাত তাওরা–তা অল্ ইন্জ্বীল্। ৪। মিন্ ক্বাব্লু
সত্যসহ যা পূর্ববর্তী কিতাবের সমর্থক। আর তিনি তাওরাত ও ইঞ্জীল অবতীর্ণ করেছেন। (৪) ইতোপূর্বে

هُدًى لِّلنَّاسِ وَأَنزَلَ الْفُرْقَانَ ۗ إِنَّ الَّذِينَ كَفَرُوا بِآيَاتِ اللَّهِ

হুদাল লিন্না-সি অআন্যালাল্ ফুর্ক্বা-ন্; ইন্নাল্লাযীনা কাফারূ বিআ-ইয়া-তিল্লা-হি
মানুষের হিদায়েতের জন্য; আর ফুরকান নাযিল করেছেন। যারা আল্লাহর আয়াত অস্বীকার করে, তাদের জন্য

لَهُمْ عَذَابٌ شَدِيدٌ ۗ وَاللَّهُ عَزِيزٌ ذُو انتِقَامٍ ۝٤ إِنَّ اللَّهَ لَا يَخْفَىٰ عَلَيْهِ شَيْءٌ

লাহুম 'আযা-বুন্ শাদীদ্; অল্লা-হু 'আযীযুন্ যুন্তিক্বা-ম্। ৫। ইন্নাল্লা-হা লা-ইয়াখ্ফা-'আলাইহি শাইয়ুন্
রয়েছে পীড়াদায়ক শাস্তি, আল্লাহ্ পরাক্রমশালী, প্রতিশোধ গ্রহণকারী। (৫) নিশ্চয়ই আল্লাহ এমন যে যমীন ও আকাশের

فِي الْأَرْضِ وَلَا فِي السَّمَاءِ ۝٥ هُوَ الَّذِي يُصَوِّرُكُمْ فِي الْأَرْحَامِ كَيْفَ

ফিল্ আর্দ্বি অলা-ফিস্ সামা —ই। ৬। হুওয়াল্লাযী ইয়ুছোয়াওয়্যিরুকুম্ ফিল্ আর্হা-মি কাইফা
কোন কিছু আল্লাহর নিকট অপ্রকাশ্য নয়। (৬) তিনিই মাতৃগর্ভে ইচ্ছামত তোমাদের আকৃতি গড়েন,

يَشَاءُ ۚ لَا إِلَٰهَ إِلَّا هُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ۝٦ هُوَ الَّذِي أَنزَلَ عَلَيْكَ الْكِتَابَ

ইয়া শা —উ; লা~ ইলা-হা ইল্লা-হুওয়াল্ 'আযীযুল্ হাকীম্ ৭। হুওয়াল্লাযী ~ আন্যালা 'আলাইকাল্ কিতা-বা
তিনি ছাড়া কোন ইলাহ নেই; তিনি মহা পরাক্রমশালী, মহাজ্ঞানী। (৭) তিনি আপনার কাছে নাযিল করেছেন কিতাব;

مِنْهُ آيَاتٌ مُّحْكَمَاتٌ هُنَّ أُمُّ الْكِتَابِ وَأُخَرُ مُتَشَابِهَاتٌ ۖ فَأَمَّا الَّذِينَ فِي

মিন্হু আ-ইয়া-তুম্ মুহ্কামা-তুন্ হুন্না উম্মুল্ কিতা-বি অউখারু মুতাশা-বিহা-ত্; ফাআম্মাল লাযীনা ফী
এর কিছু আয়াত সুস্পষ্ট; যা কিতাবের মূল; অন্য অংশ বিবিধ অর্থবোধক। কাজেই যাদের মনে কুটিলতা[১]

قُلُوبِهِمْ زَيْغٌ فَيَتَّبِعُونَ مَا تَشَابَهَ مِنْهُ ابْتِغَاءَ الْفِتْنَةِ وَابْتِغَاءَ تَأْوِيلِهِ ۗ

কুলূবিহিম্ যাইগুন্ ফাইয়াত্তাবি'উ না মা-তাশা-বাহা মিন্হুব্তিগা —য়াল্ ফিত্নাতি অব্তিগা —য়া তা''ওয়ীলিহী,
আছে, তারা ফিতনা, ভুল ব্যাখ্যার উদ্দেশ্যে বিবিধ অর্থবোধক অংশের অনুসরণ করে, অথচ এর ব্যাখ্যা আল্লাহ ছাড়া

وَمَا يَعْلَمُ تَأْوِيلَهُ إِلَّا اللَّهُ ۗ وَالرَّاسِخُونَ فِي الْعِلْمِ يَقُولُونَ آمَنَّا بِهِ ۙ

অমা-ইয়া'লামু তা''ওয়ীলাহূ ~ ইল্লাল্লা-হ্। অর্রা-সিখূনা ফিল্'ইল্মি ইয়াক্বূলূনা আ-মান্না-বিহী
আর কেউ অবগত নয়। গভীর জ্ঞানের অধিকারী যারা [২] তারা বলে, আমরা তা বিশ্বাস করি এসব আমাদের

ওয়াক্বফে লাযেম ওয়াক্বফে মনাযিল ওয়াক্বফুনবী (ছাঃ)

ঈসা (আঃ) যদি আল্লাহর জাত পুত্র হতেন তবে তিনিও আল্লাহর ন্যায় পাক পবিত্র ও বেপরোয়া থাকবেন। রাসূল (ছঃ)-এর এ বক্তব্য শুনে খ্রিষ্টানরা চুপ হয়ে গেল। অতঃপর এর সমর্থনে আল্লাহর সত্তার পরিচয় প্রদান পূর্বক এ সূরায় প্রথম দশটিরও অধিক আয়াত নাযিল করেন।
আয়াত-৭ ঃ ১। যাদের অন্তর বক্র তারা সুস্পষ্ট আয়াত পরিত্যাগ করে অস্পষ্ট আয়াত নিয়ে ঘাঁটাঘাঁটি করে তা হতে নিজ উদ্দেশ্যের অনুকূলে অর্থ করে মানুষকে বিভ্রান্ত করতে প্রয়াস চালায়। এদের সম্পর্কে কোরআন ও হাদীসে কঠোর সাবধান বাণী উচ্চারিত হয়েছে। (মাঃ কোঃ) ২। তারা সুস্পষ্ট ও অস্পষ্ট উভয় আয়াতকে সত্য মনে করেন। কারণ তারা বিশ্বাস করেন যে, উভয় প্রকার আয়াত একই উৎস হতে উৎসারিত। সুস্পষ্ট আয়াতের অর্থ জানা আমাদের জন্য উপকারী ও জরুরী ছিল, এ জন্য আল্লাহ তা'আলা তা গোপন রাখেন নি। আর অস্পষ্ট আয়াতের অর্থ আল্লাহ তা'আলা বিশেষ হিকমতের কারণে বর্ণনা করেন নি। কাজেই তা জানা আমাদের জন্য জরুরী নয়। বিশ্বাস স্থাপনই যথেষ্ট। (তাফঃ মাযঃ)

كُلٌّ مِّنْ عِنْدِ رَبِّنَا ۚ وَمَا يَذَّكَّرُ إِلَّا أُولُوا الْأَلْبَابِ ﴿٨﴾ رَبَّنَا لَا تُزِغْ قُلُوبَنَا

কুল্লুম্ মিন্ 'ইন্দি রব্বিনা-, অমা-ইয়ায্যাক্কারু ইল্লা~ উ-লুল্ আল্বা-ব্ । ৮ । রব্বানা-লা-তুযিগ্ ক্বুলূবানা-
প্রতিপালকের পক্ষ হতে আগত; জ্ঞানীরাই উপদেশ গ্রহণ করে। (৮) হে আমাদের রব! হিদায়েত দানের পর আমাদের অন্তরকে

بَعْدَ إِذْ هَدَيْتَنَا وَهَبْ لَنَا مِنْ لَّدُنْكَ رَحْمَةً ۚ إِنَّكَ أَنْتَ الْوَهَّابُ ﴿٩﴾ رَبَّنَا

বা'দা ইয্ হাদাইতানা-অহাবলানা-মিল্ লাদুন্কা রহ্মাতান্ ,ইন্নাকা আন্তাল্ অহ্হা-ব্ । ৯ । রব্বানা~
বাঁকা করবেন না; আপনার পক্ষ থেকে আমাদের প্রতি রহমত বর্ষণ করুন, আপনিই তো দাতা। (৯) হে আমাদের রব!

১ ع ৯ ৯ রুকু

إِنَّكَ جَامِعُ النَّاسِ لِيَوْمٍ لَّا رَيْبَ فِيهِ ۚ إِنَّ اللَّهَ لَا يُخْلِفُ الْمِيعَادَ ﴿١٠﴾ إِنَّ

ইন্নাকা জ্বা-মি'উন্ না-সি লিইয়াওমিল্ লা-রাইবা ফীহ্; ইন্নাল্লা-হা লা-ইয়ুখ্লিফুল্ মী'আ-দ্ । ১০ । ইন্নাল
আপনি সন্দেহাতীতভাবে একদিন মানব জাতিকে সমবেত করবেন, নিশ্চয়ই আল্লাহ ওয়াদা খেলাফ করেন না। (১০) যারা

الَّذِينَ كَفَرُوا لَنْ تُغْنِيَ عَنْهُمْ أَمْوَالُهُمْ وَلَا أَوْلَادُهُمْ مِّنَ اللَّهِ شَيْئًا ۖ وَ

লাযীনা কাফারূ লান্ তুগ্নিয়া 'আন্হুম্ আম্ওয়া-লুহুম্ অলা~ আওলাদুহুম্ মিনাল্লা-হি শাইয়া-; অ
কাফের তাদের সম্পদ ও সন্তানরা আল্লাহর নিকট কোন কাজে আসবে না;

أُولَٰئِكَ هُمْ وَقُودُ النَّارِ ﴿١١﴾ كَدَأْبِ آلِ فِرْعَوْنَ ۙ وَالَّذِينَ مِنْ قَبْلِهِمْ ۚ

উলা —য়িকা হুম অক্বূদুন না-র্ । ১১ । কাদা"বি আ-লি ফির্'আওনা অল্লাযী না মিন্ ক্বাব্লিহিম্;
এরাই জাহান্নামের ইন্ধন। (১১) ফেরাউনী সম্প্রদায় ও পূর্ববর্তীদের অভ্যাসের ধারার ন্যায় আমার আয়াতসমূহকে তারা

كَذَّبُوا بِآيَاتِنَا فَأَخَذَهُمُ اللَّهُ بِذُنُوبِهِمْ ۗ وَاللَّهُ شَدِيدُ الْعِقَابِ ﴿١٢﴾ قُلْ

কায্যাবূ বিআ-ইয়া-তিনা-ফাআখাযাহুমুল্লা-হু বিযুনূবিহিম্; অল্লা-হু শাদীদুল্ 'ইক্বা-ব্ । ১২ । ক্বুল্
অস্বীকার করেছিল; ফলে আল্লাহ তাদের পাকড়াও করেছেন; আল্লাহ কঠিন শাস্তিদাতা। (১২) কাফেরদের বলে দিন,

لِّلَّذِينَ كَفَرُوا سَتُغْلَبُونَ وَتُحْشَرُونَ إِلَىٰ جَهَنَّمَ ۚ وَبِئْسَ الْمِهَادُ ﴿١٣﴾ قَدْ كَانَ

লিল্লাযীনা কাফারূ সাতুগ্লাবূনা অতুহ্শারূনা ইলা-জ্বাহান্নাম্; অবি'সাল্ মিহা-দ্ । ১৩ । ক্বাদ্ কা-না
তোমরা শীঘ্রই পরাজিত হবে এবং জাহান্নামে একত্রিত হবে, তা জঘন্য স্থান। (১৩) দু দলের পরস্পর

لَكُمْ آيَةٌ فِي فِئَتَيْنِ الْتَقَتَا ۖ فِئَةٌ تُقَاتِلُ فِي سَبِيلِ اللَّهِ وَأُخْرَىٰ كَافِرَةٌ

লাকুম্ আ-ইয়াতুন্ ফী ফিয়াতাইনিল্ তাক্বাতা-; ফিয়াতুন্ তুক্বা-তিলু ফী সাবীলিল্লা-হি অ উখ্রা- কা-ফিরাতুঁই
মুকাবিলায় অবশ্যই তোমাদের জন্য নিদর্শন আছে; একদল আল্লাহর পথে যুদ্ধ করছিল, অন্যদল ছিল

টীকা ঃ যার দ্বারা হক ও বাতিলের পার্থক্য বুঝা যায় তা-ই 'ফুরকান'। শানেনুযূলঃ আয়াত-১২ ঃ রসূলুল্লাহ (ছঃ) কোরেশী কাফেরদের পরাজিত করে বদর যুদ্ধ হতে প্রত্যাবর্তন করার পর বনী-কায়নোকা বাজারে ইহুদীদেরকে সমবেত করে ইসলাম গ্রহণের আহ্বান করলেন। নতুবা কোরেশীদের ন্যায় তাদেরকেও পরাজয়ের গ্লানি ভোগ করতে হবে বলে হুমকি দিলেন। জবাবে ইহুদী দম্ভের সাথে বলল, "আমরা যে কেমন বীর এবং পারদর্শী যোদ্ধা আমাদের সাথে যুদ্ধ অবতীর্ণ হলে বুঝতে পারবে, হে মুহাম্মদ! আমরা কোরেশদের ন্যায় অনভিজ্ঞ যোদ্ধা নয়। তাদের দাম্ভিক ও অহঙ্কারী উক্তির প্রেক্ষিতে অত্র আয়াতটি নাযিল হয়। বায়জাবী শরীফে "লিল্লাযীনা কাফারু" হতে মক্কার মুশরিকদেরকে বুঝান হয়েছে। যোগসূত্রঃ আয়াত-১৩ ঃ ২ আয়াতে কারীমায় কাফেরদের পর্যুদস্ত হওয়ার সংবাদ দেয়া হয়েছে। এখানে উপমাস্বরূপ একটি প্রমাণ বর্ণনা করছেন।

يَرَوْنَهُم مِّثْلَيْهِمْ رَأْيَ الْعَيْنِ ۚ وَاللَّهُ يُؤَيِّدُ بِنَصْرِهِ مَن يَشَاءُ ۗ إِنَّ فِي ذَٰلِكَ

ইয়ারাওনাহুম্ মিছ্লাইহিম্ রা'ইয়াল্ 'আইন্; অল্লা-হু ইয়ুআইয়্যিদু বিনাছ্রিহী মাইঁ ইয়াশা — উ; ইন্না ফী যা-লিকা

কাফের, তারা তাদেরকে স্বীয় চোখের নজরে দ্বিগুণ দেখছিল, আল্লাহ যাকে চান সাহায্য করেন, এতে অন্তর্দৃষ্টি

لَعِبْرَةً لِّأُولِي الْأَبْصَارِ ﴿١٣﴾ زُيِّنَ لِلنَّاسِ حُبُّ الشَّهَوَاتِ مِنَ النِّسَاءِ وَالْبَنِينَ

লা'ইব্রাতাল্ লিঊলিল্ আব্ছোয়া-র। ১৪। যুইয়্যিনা লিন্না-সি হুব্বুশ্ শাহাওয়া-তি মিনা ন্নিসা — য়ি অল্বানীনা

সম্পন্নদের জন্য শিক্ষা আছে। (১৪) মানবজাতিকে মোহগ্রস্ত করেছে আকর্ষণীয় বস্তু সামগ্রী, নারী;

وَالْقَنَاطِيرِ الْمُقَنطَرَةِ مِنَ الذَّهَبِ وَالْفِضَّةِ وَالْخَيْلِ الْمُسَوَّمَةِ وَالْأَنْعَامِ

অল্ ক্বানা-ত্বীরিল্ মুক্বান্ত্বোয়ারাতি মিনায্ যাহাবি অল্ ফিদ্দ্বোয়াতি অল্ খাইলিল্ মুসাওয়্যামাতি অল আন্'আ-মি

সন্তান, এবং পছন্দনীয় ঘোড়া, গবাদি পশু ও ক্ষেত-খামার, এসবই হল পার্থিব

وَالْحَرْثِ ۗ ذَٰلِكَ مَتَاعُ الْحَيَاةِ الدُّنْيَا ۖ وَاللَّهُ عِندَهُ حُسْنُ الْمَآبِ ﴿١٤﴾ قُلْ

অল্ হারছ্; যা-লিকা মাতা-'উল্ হাইয়া-তিদ দুন্ইয়া-, অল্লা-হু 'ইন্দাহূ হুস্নুল্ মাআ-ব। ১৫। ক্বুল

জীবনের ভোগ্যসামগ্রী, আর আল্লাহর নিকটেই রয়েছে উত্তম আশ্রয়স্থল। (১৫) আপনি বলুন,

أَؤُنَبِّئُكُم بِخَيْرٍ مِّن ذَٰلِكُمْ ۚ لِلَّذِينَ اتَّقَوْا عِندَ رَبِّهِمْ جَنَّاتٌ تَجْرِي

আউনাব্বিউ কুম্ বিখাইরিম্ মিন্ যা-লিকুম্ লিল্লাযীনাত্ তাক্বাও 'ইন্দা রব্বিহিম জ্বান্না-তুন্ তাজ্বরী

এতদপেক্ষা উত্তম বস্তুর খবর দেব কি? মুত্তাকীদের জন্য রয়েছে তাদের রবের কাছে এমন জান্নাত যার

مِن تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا وَأَزْوَاجٌ مُّطَهَّرَةٌ وَرِضْوَانٌ مِّنَ اللَّهِ ۗ وَاللَّهُ

মিন তাহ্তিহাল্ আন্হা-রু খা-লিদীনা ফীহা- অ আজ্ওয়া-জুম্ মুত্বোয়াহ্হারাতুওঁ অ রিদ্ওয়া-নুম্ মিনাল্লা-হ্; অল্লা-হু

নিচ দিয়ে ঝরণা প্রবাহিত, তারা সেখানে চিরকাল থাকবে, তথায় পবিত্র রমণীগণ ও আল্লাহর সন্তুষ্টি থাকবে, আল্লাহ

بَصِيرٌ بِالْعِبَادِ ﴿١٥﴾ الَّذِينَ يَقُولُونَ رَبَّنَا إِنَّنَا آمَنَّا فَاغْفِرْ لَنَا ذُنُوبَنَا وَقِنَا

বাছীরুম্ বিল্'ইবা-দ্। ১৬। আল্লাযীনা ইয়াক্বূলূনা রব্বানা~ ইন্নানা~ আ-মান্না-ফাগ্ফির্লানা- যুনূবানা- অক্বিনা-

বান্দাদের প্রতি দৃষ্টি রাখেন। (১৬) যারা বলে, হে রব! আমরা ঈমান এনেছি অতএব আমাদের গুনাসমূহ ক্ষমা করুন, অগ্নির শাস্তি

عَذَابَ النَّارِ ﴿١٦﴾ الصَّابِرِينَ وَالصَّادِقِينَ وَالْقَانِتِينَ وَالْمُنفِقِينَ وَ

'আযা-বান্ না-র্। ১৭। আছ্ছোয়া-বিরীনা অছ্ছোয়া-দিক্বীনা অল্ ক্বা-নিতীনা অল্ মুন্ফিক্বীনা অল্

হতে রক্ষা করুন। (১৭) তারা ধৈর্যশীল, সত্যবাদী অনুগত, দানকারী ও

আয়াত-১৪ঃ সাতটি বিষয় মানুষকে মায়া-মমতায়, বিবাদ বিসংবাদ ও বিশৃঙ্খলায় জড়িয়ে ফেলে। এর প্রথমটি হল নারী। নারী মোহ মানুষকে ধ্বংস করা সত্ত্বেও নারী পুরুষের মাঝে একটা চুম্বকের ন্যায় আকর্ষণ বিদ্যমান। দ্বিতীয়টি হল সন্তান। যাকে নিজের স্থলাভিষিক্ত ভেবে নিজের চেয়েও বেশি দিতে চায় তার জন্য। তৃতীয়টি হল ধন-সম্পদ সোনা-রূপা। যার কারণে মানুষ অহংকারী হয়। চতুর্থটি হল গরু-মহিষ, গৃহপালিত পশু ইত্যাদি। এরপর ক্ষেত-খামার। আল্লাহ এরশাদ করেন, পার্থিব জীবনের ধন-সম্পদ ক্ষতি মিশানো, কিন্তু আল্লাহর নিকট এটা অপেক্ষা উৎকৃষ্ট সুস্বাধু ও চিত্তাকর্ষক এবং আনন্দদায়ক বস্তুসমূহ বিদ্যমান রয়েছে। অথচ মানুষ মানবীয়

الْمُسْتَغْفِرِيْنَ بِالْاَسْحَارِ ﴿١٧﴾ شَهِدَ اللّٰهُ اَنَّهٗ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۙ وَالْمَلٰٓئِكَةُ وَ

মুছ্তাগ্ফিরীনা বিল্ আস্হা-র্ ১৮। শাহিদাল্লা-হু আন্নাহূ লা~ ইলাহা ইল্লা-হুঅ অল্মালা — য়িকাতু অ
শেষরাতে ক্ষমা প্রার্থনাকারী। (১৮) আল্লাহ সাক্ষ্য দেন যে, তিনি ছাড়া কোন ইলাহ নেই ফেরেশতা ও

اُولُوا الْعِلْمِ قَآئِمًا بِالْقِسْطِ ؕ لَآ اِلٰهَ اِلَّا هُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿١٩﴾ اِنَّ الدِّيْنَ

উলুল্ 'ইল্মি ক্বা — য়িমাম্ বিল্ ক্বিস্ত্ব; লা~ ইলা-হা ইল্লা-হুঅল্ 'আযীযুল্ হাকীম্। ১৯। ইন্নাদ্দীনা
জীনরা সাক্ষ্য দেয় তিনি ন্যায়-নীতিতে প্রতিষ্ঠিত, পরাক্রান্ত ও মহাজ্ঞানী আল্লাহ ভিন্ন মা'বুদ নেই। (১৯) ইসলামই আল্লাহর

عِنْدَ اللّٰهِ الْاِسْلَامُ ۗ وَمَا اخْتَلَفَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ اِلَّا مِنْۢ بَعْدِ

'ইন্দাল্লা–হিল্ ইস্লা–ম্; অ মাখ্তালাফাল্লাযীনা উতুল্ কিতা-বা ইল্লা-মিম্ বা'দি
নিকট একমাত্র দ্বীন; যাদেরকে কিতাব দেয়া হয়েছে তাদের নিকট প্রকৃত জ্ঞান আসার পরও শুধু নিজেদের

مَا جَآءَهُمُ الْعِلْمُ بَغْيًاۢ بَيْنَهُمْ ؕ وَمَنْ يَّكْفُرْ بِاٰيٰتِ اللّٰهِ فَاِنَّ اللّٰهَ سَرِيْعُ

মা-জ্বা — য়া হুমুল্ 'ইল্মু বাগইয়াম্ বাইনাহুম্; অমাইঁ ইয়াক্ফুর্ বিআ-ইয়া-তিল্লা-হি ফাইন্নাল্লা-হা সারী'উল
হিংসায় পড়ে তারা বিরোধিতা করেছে; কেউ আল্লাহর আয়াতকে প্রত্যাখ্যান করলে নিশ্চয় আল্লাহ দ্রুত হিসাব গ্রহণে

الْحِسَابِ ﴿٢٠﴾ فَاِنْ حَآجُّوْكَ فَقُلْ اَسْلَمْتُ وَجْهِيَ لِلّٰهِ وَمَنِ اتَّبَعَنِ ؕ وَقُلْ

.হিসা-ব্ ২০। ফাইন্ হা — জ্জূকা ফাক্বুল্ আস্লাম্তু অজ্হিয়া লিল্লা-হি অ মানিত্তাবা'আন; অ কুল্
তৎপর। (২০) যদি তারা তর্ক করে; তবে বলুন, আমি ও আমার অনুসারীরা একমাত্র আল্লাহতে সমর্পিত। যারা

لِّلَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ وَالْاُمِّيّٖنَ ءَاَسْلَمْتُمْ ؕ فَاِنْ اَسْلَمُوْا فَقَدِ اهْتَدَوْا ۚ

লিল্লাযীনা উতুল্ কিতা-বা অল্ উম্মিয়্যীনা আআস্লাম্তুম্; ফাইন্ আস্লামূ ফাক্বাদিহ্ তাদাও,
কিতাব প্রাপ্ত হয়েছে তাদেরকে ও মূর্খদেরকে বলুন, তোমরা কি মেনে নিয়েছ? যদি মেনে নেয়, তবে তারাও সরল পথ পেল,

وَاِنْ تَوَلَّوْا فَاِنَّمَا عَلَيْكَ الْبَلٰغُ ؕ وَاللّٰهُ بَصِيْرٌۢ بِالْعِبَادِ ﴿٢١﴾ اِنَّ الَّذِيْنَ

অ ইন্ তাওয়াল্লাও ফাইন্নামা-'আলাইকাল্ বালা-গ্; অল্লা-হু বাছীরুম্ বিল্ 'ইবা-দ্। ২১। ইন্নাল্লাযীনা
যদি মুখ ফিরিয়ে নেয়, তবে আপনার কাজ শুধু পৌঁছানো। (২১) নিশ্চয়ই যারা

يَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ وَيَقْتُلُوْنَ النَّبِيّٖنَ بِغَيْرِ حَقٍّ ۙ وَّيَقْتُلُوْنَ الَّذِيْنَ

ইয়াক্ফুরূনা বিআ-ইয়া-তিল্লা-হি অইয়াক্তুলূনান্ নাবিয়্যীনা বিগাইরি হাক্ব্ক্বিওঁ অইয়াক্ব্তুলূনাল্লাযীনা
আল্লাহর আয়াতকে অস্বীকার করে এবং অহেতুক নবীদেরকে হত্যা করে আর হত্যা করে সঠিক
